


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 29 July, 2023 ■ আগরতলা ২৯ জুলাই ২০২৩ ইং ■ ১২ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## ধনপুরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেড়ে ৮৩ পরিস্থিতি পর্যালোচনা করলেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** গত তিন দিন আগেই সোনামুড়া মহকুমার ধনপুর বিধানসভা এলাকার বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। তবে এ বিষয়ে জেলা স্বাস্থ্য আধিকারিক থেকে শুরু করে স্বাস্থ্য দপ্তর কোন তথ্য দেয়নি। আজ বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশের পরই দপ্তরের কর্মকর্তারা নড়েচড়ে বসেছেন। জানা গেছে বিশেষ করে সিপাহী জেলার বিস্তীর্ণ এলাকায় এই ডেঙ্গুর প্রাদুর্ভাব চরম আকার ধারণ করেছে।



এই বিষয়ে সংবাদ মাধ্যমে আসার পর শেষ পর্যন্ত এই বিষয়ে নিশ্চিত করেছেন জেলার স্বাস্থ্য আধিকারিক দেবাশিস দাস। তিনি জানিয়েছেন এখনো পর্যন্ত ধনপুরের বিভিন্ন এলাকায় ৭০ জনের মতো মানুষ ডেঙ্গু জ্বরে আক্রান্ত। শুক্রবার এই সংখ্যা বের হয়েছে ৮৩ জন। এরমধ্যে ১৭ জন ধনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি রয়েছে। একজন জিবি হাসপাতালে ভর্তি আছেন। স্বাস্থ্য দপ্তর প্রতিনিয়ত এই বিষয়ে নজরদারি রাখছে তিনি বলেন প্রতিটি বাড়িতেই স্বাস্থ্যকর্মীরা যাচ্ছে রক্তের নমুনা সংগ্রহ করছে। ফলে আক্রান্তের সংখ্যা বাড়ছে। পরীক্ষা করার পর এই সংখ্যার বাড়লেও চিকিৎসা পরিষেবা দিতে সুবিধা হচ্ছে।গত কয়েকদিন যাবৎই একটু বেশি সংখ্যায় জ্বর নিয়ে ধনপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি হচ্ছিলেন রোগীরা। সন্দেহ হওয়ায় স্থানীয় ভাবে টেস্ট করানো হয়।

আরো নিশ্চিত হওয়ার জন্য এ.জি.এম.সিতে টেস্টিংয়ের জন্য সেম্পল পাঠানো হয়। সেই রিপোর্ট আসর পরই বিষয়টি সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে। বর্তমানে কিছু ☞ ৬ এর পাতায় দেখুন

## বোলেরো ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু এক ,আহত এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** বোলেরো গাড়ি ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে একজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও একজন।ধলাই জেলায় মনু থানাধীন বিরাশি মাইল এলাকা জাতীয় সড়কে স্থানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে কাঞ্চনবাড়ি দমকল বাহিনীকে খবর পাঠিয়েছিল। দমকল কর্মীরা আহত দুই ব্যক্তিকে উদ্ধার করে বিরাশি মাইল সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক একজনের মৃত্যুর হয়েছে বলে ঘোষণা দিয়েছেন।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, আজ সকালে জাতীয় সড়কের বিরাশি মাইল এলাকায় টিআর০৫এফ১৫৫৮ নম্বরের বোলেরো গাড়ির সাথে ডিএল১জিসি৫৪৫৩ নম্বরের ট্রাকের মুখোমুখি সংঘর্ষ ঘটে। তাতে দুইজন ব্যক্তি গুরুতর আহত হয়েছেন। স্থানীয় মানুষ বিকট শব্দ শুনতে পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেন। তাঁরাই কাঞ্চনবাড়ির দমকল বাহিনীকে খবর পাঠিয়েছিলেন। দমকল কর্মীরা আহতদের উদ্ধার করে বিরাশি মাইল সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক একজনের মৃত্যুর হয়েছে বলে ঘোষণা দিয়েছেন।

তিনি আরও জানিয়েছেন, ওই ঘটনায় আহত হয়েছেন পদ্মবিলের বাসিন্দা নূর উদ্দিন আলী(২৬)। পাথরকান্দি অসমের বাসিন্দা মাসুক উদ্দিন (৫২) মারা গেছেন।

## স্লোগান ও হইচইয়ে উত্তাল সংসদ, অধিবেশন মুলতুবি

**নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.)।।** মণিপুর ইস্যুতে "ইন্ডিয়া" জোটের হইহট্টগোলে শুক্রবারও উত্তাল হল সংসদের উভয়কক্ষ। বিরোধীদের স্লোগান ও হইচইয়ে এদিনও রাজ্যসভা ও লোকসভার কাজ পন্ড হয়েছে। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় ও তৃণমূল কংগ্রেস সাংসদ ডেরেক ও"ব্রায়েনের মধ্যে এদিন তর্ক--বিতর্কের সাক্ষী থেকেছে উচ্চকক্ষ, এরপর দিনের মতো রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেন চেয়ারম্যান জগদীপ ধনখড়।

লোকসভাতেও এদিন মণিপুর ইস্যুতে স্লোগান দিতে থাকেন বিরোধী সাংসদরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিবৃতির দাবিতে সরব হন বিরোধী সাংসদরা। হইহট্টগোলের মধ্যেই লোকসভার অধিবেশন প্রথমে দুপুর বারোটা পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়। পরে অধিবেশন শুরু হলেও, স্লোগান চলতে থাকে। তারপর দিনের মতো লোকসভার অধিবেশনও মুলতুবি করে দেওয়া হয়। লোকসভা ও রাজ্যসভার অধিবেশন পুনরায় শুরু হবে আগামী সোমবার।

লোকসভায় এদিন অনাস্থা প্রস্তাব নিয়ে অবিলম্বে আলোচনার দাবি জানান বিরোধীরা। লোকসভায় এদিন জাতীয় নার্সিং এবং মিডওয়াইফারি কমিশন বিল, ২০২৩ পাশ হয়েছে। প্রসঙ্গত, মণিপুর ইস্যুতে প্রধানমন্ত্রীর বিবৃতির দাবি জানিয়ে শুক্রবার সকালে সংসদের বাইরেও বিক্ষোভ দেখান "ইন্ডিয়া" জোটের সদস্যরা। পাশাপাশি নিজেদের মধ্যে কৌশল ঠিক করতে রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গের ঘরে বৈঠকও করেন সমমনোভাবাপন্ন বিরোধীরা।

### বিশালগড় হাসপাতালে

## অমানবিকতার নজির গড়লেন চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** মানুষ ডাক্তারকে সর্বদা ভগবানের দরজা দিয়ে রাখে। কিন্তু একাংশ ডাক্তার মানুষকে লাথ মেরে ঘর থেকে বের করে দেয়। চিকিৎসা তো দূরের কথা রোগীকে হাত দিয়ে ধরার প্রয়োজনীয়তা বোধ করলেন না চিকিৎসক।

হাসপাতালের ড্রেনের পাশে পড়ে কাতরাতে থাকে রোগী। আর এই অমানবিকতা দেখে হাসপাতালে ছুটে আসেন পাশে থাকা আগরতলা সাব্রুম জাতীয় সড়কের পথচারী এবং এলাকাবাসী। হাসপাতালে যখন এ অবস্থা দেখতে পায় ঠিক সে সময় উত্তেজিত হয়ে পড়ে হাসপাতালে চত্বর। আর এই অমানবিকতা দেখা দেয় বিশালগড় মহকুমা হাসপাতালে। এ নিয়ে বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিকের বরখাস্তের দাবি তুলেছেন সাধারণ জনগণ।

বিশালগড় মহকুমা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীরা অমানবিকতার নজির গড়ল। হাসপাতালে চিকিৎসা পরিষেবা গ্রহণ করতে আসা রোগীর ঠাঁই হল হাসপাতালের পাশে থাকা ড্রেইনে। নিন্দার ঝড় সর্বত্র। জানা যায় বিশালগড় মহাকুমা হাসপাতালে বৃহস্পতিবার রাতে হরিশ নগর চা বাগান এলাকার বাসিন্দা রঞ্জন কর্মকার পায়ের সমস্যা নিয়ে চিকিৎসা পরিষেবা গ্রহণ করতে আসে। রঞ্জন কর্মকার হাটতে পারছিল না। রঞ্জন কর্মকার জানায় হাসপাতালে আসার পর এক চিকিৎসক তাকে একটি ইনজেকশন দিয়ে ছেড়ে দেয়। তারপর সে কোনক্রমে খুড়িয়ে খুড়িয়ে ☞ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুৎস্পৃষ্টে সাব্রুমে নিহত এক ব্যক্তি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** সাব্রুম মহকুমার হরিণা গ্রাম পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মৃত এক ব্যক্তির। ঘটনার বিবরণে জানা যায় শুক্রবার শুভাশি নাহা তার বাড়ির পাশে একটি খালি জায়গায় গৃহপালিত পশু আনতে যান। ওই স্থানে বিদ্যুত পরিবাহী তার ছিড়ে পড়ে থাকে। সেই তারে বিদ্যুৎ স্পৃষ্ট হয় শুভাশিস নাহা। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

পরবর্তী সময়ে ফেটকো নামক বেসরকারি বিদ্যুৎ সংস্থার কর্মীদের ফোন করা হয় বিদ্যুৎ লাইন বন্ধ করার জন্য। কিন্তু বিদ্যুৎ লাইন বন্ধ হয়েছে কিনা তা আর জানা যায়নি। যার কারণে দীর্ঘ ঘন্টা পড়ে থাকে ওই ব্যক্তি। ঘটনা স্থলে উপস্থিত হয় দমকল বাহিনী ও পুলিশ।কিন্তু কেউই তাকে সেখান থেকে ☞ ৬ এর পাতায় দেখুন

## কাঞ্চনপুরে গ্রামোন্নয়ন দপ্তরের বিভিন্ন প্রকল্পে অনিয়মের গুরুতর অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** উত্তর ত্রিপুরা জেলার কাঞ্চনপুর মহকুমার গ্রাম উন্নয়ন দপ্তরে দুর্নীতির গুরুতর অভিযোগ উঠেছে। একের পর এক দুর্নীতি পিছু ছাড়ছে না কাঞ্চনপুর গ্রামোন্নয়ন দপ্তরকে। দিনের পর দিন নতুন নতুন কেলেঙ্কারির প্রকাশ্যে আসতে শুরু করেছে।যে ভাবে দুর্নীতির খবর পাওয়া যাচ্ছে তাতে কাঞ্চনপুর মহকুমা গ্রামোন্নয়ন দপ্তরটি লুটপাট বানিজ্য এবং নয়ছয়ের আতুর ঘরে হয়ে ওঠেছে বলে অভিযোগ।

দেখা যাচ্ছে যে কোনো উন্নয়ন মূলক কাজ যেমন রাস্তা বা ড্রেইন হোক বা দালানবাড়ীর কাজের বরাদ্দ, তথ্যসমেত বোর্ড টাঙ্গিয়ে রাখার নির্দেশ থাকলেও কাঞ্চনপুর আর ডি দপ্তরে তা কার্যকর করা হয় না। অভিযোগ দীর্ঘ দিন যাবত কাঞ্চনপুর আর ডি দপ্তরের কাজেই জনসাধারণের অবগতির জন্য কোন কাজের ক্ষেত্রেই ডিসপ্লে বোর্ডই লাগানো হচ্ছে না। অভিযোগ ওঠেছে কাজের তথ্য গোপন করার জন্যই সাইন বোর্ড দেওয়া হচ্ছে না।

দপ্তরের বিরুদ্ধে স্পষ্ট অভিযোগ উঠেছে কোন ট্রেন্ডার বা কুটেশনের মাধ্যমে যেসব বা ভেন্ডার থেকে কাঞ্চনপুর গ্রামোন্নয়ন দপ্তরের বিভিন্ন সামগ্রী কেনার নামে ভুয়াও বিলে লক্ষ লক্ষ টাকা নয়ছয় করা হচ্ছে। সাধারণ জনগণের অভিযোগ উন্নয়নমূলক বিভিন্ন কাজেও অধিকাংশ ক্ষেত্রে নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হচ্ছে।আর এসব হচ্ছে দপ্তরের দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ারদের জ্ঞাতসারেই। দেখা যাচ্ছে প্রতি অর্থ বছরেই কোটি কোটি টাকার উন্নয়ন মুলক কাজ হচ্ছে কাঞ্চনপুর গ্রামোন্নয়ন ডিভিশনে তত্ত্বাবধানে। দেখা যাচ্ছে অধিকাংশ নির্মিয়মান কাজগুলির গুনগত মান খুবই নিম্নমানের হচ্ছে বলে প্রায়ই অভিযোগ আসছে।

পাশাপাশি অভিযোগ যে সমস্ত কাজ দপ্তরের ইঞ্জিনিয়ারকে ইমপ্লিমেনটিং অফিসার করে কাজ হচ্ছে সে সব কাজ কার্যত লোপাট বানিজ্য হচ্ছে। আর এসমস্থ প্রক্রিয়ার ☞ ৬ এর পাতায় দেখুন

## পুরোনো দেওয়াল ধসে পড়ে মর্মান্তিক মৃত্যু শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** পুরোনো দেওয়াল ধ্বসে পড়ে মর্মান্তিক মৃত্যু হয়েছে এক শ্রমিকের। ওই ঘটনায় গোটা কমলপুর এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। সহ শ্রমিকরা ঘটনাটি প্রত্যক্ষ করে দমকল বাহিনীকে খবর পাঠিয়েছেন। দমকল কর্মীরা আহত শ্রমিককে উদ্ধার করে বিমল সিংহ মেমোরিয়াল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষনা করেন।

জনৈক সহশ্রমিকরা জানিয়েছেন, কমলপুর কৃষ্ণচন্দ্র দ্বাদশ শ্রেণি বালিকা বিদ্যালয়ে ঠিকেদারের অধীনে পুরোনো দেওয়াল ভাঙার কাজে ৪ জন শ্রমিক নিযুক্ত ছিলেন। আজ সকালে পুরোনো দেওয়াল ভাঙতে গিয়েছিলেন আমবাসার বাসিন্দা চন্দ্রকান্ত ত্রিপুরা(২৮)। আচমকাই তাঁর উপর দেওয়াল ধ্বসে পড়েছে। সাথে সাথে সহকর্মীরা খবর পাঠিয়েছে দমকল বাহিনীকে। দমকল কর্মীদের সহায়তায় দেওয়ালের নিচ থেকে চন্দ্রকান্তকে উদ্ধার করে বিমল সিংহ মেমোরিয়াল হাসপাতালে নিয়ে গিয়েছিলেন। কিন্তু হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষনা করেন।

তিনি আরও জানিয়েছেন, ঠিকেদারের অধীনে তার ভাইও একসাথে কাজ করছিলেন। মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই গোটা আমবাসা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## কুমারঘাটে উল্টো রথে বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত আরও একজনের মৃত্যু, মৃতের সংখ্যা বেড়ে হল ১০

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** কুমারঘাটে উল্টো রথে বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত আরও একজনের মৃত্যু হয়েছে। দিল্লিতে চিকিৎসাধীন রুমা সরকার ঘোষ দীর্ঘ লড়াই শেষে আজ প্রয়াত হয়েছেন। দিল্লিতেই তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে। তাঁর মৃত্যুতে কুমারঘাটে উল্টো রথে বিদ্যুৎস্পৃষ্টে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১০।

প্রসঙ্গত, উল্টো রথে মর্মান্তিক ঘটনায় গুরুতর আহত তিনজনকে ত্রিপুরা সরকার বহি:রাজ্যে উন্নত চিকিৎসার জন্য পাঠিয়েছিল। তাঁদের মধ্যে রুমা সরকার ঘোষের আজ মৃত্যু হয়েছে। তাঁর মৃত্যুর খবর পেয়ে কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক ছুটে গিয়েছেন।

এদিন এক ট্যুইট বার্তায় প্রতিমা ভৌমিক বলেন, দীর্ঘ লড়াইয়ের পর অবশেষে কুমারঘাটে ফেরা রথের অনভীপ্রেত ঘটনায় আহতদের মধ্যে নিভে গেল আরও এক জীবন দীপ। দিল্লির সফদর জং হাসপাতালে চিকিৎসারত অবস্থায় অবশেষে না ফেরার দেশে পারি দিলেন রুমা সরকার ঘোষ। আজ দিল্লীতে তাঁর শেষকৃত্যে উপস্থিত থেকে আমার শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছি। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ওই ঘটনায় তাঁর ছোট মেয়ে জীবন যুদ্ধে হার মেনেছিল আগেই। বড় মেয়ে এখনও দিল্লিতেই চিকিৎসাধীন। ঈশ্বর পরিবারের সদস্যদের এই কঠিন সময় কাটিয়ে উঠার শক্তি প্রদান করুক।

## আবারও পুর নিগমের উচ্ছেদ অভিযান, লক্ষ্য যানজট মুক্ত শহর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** রাস্তার দুইপাশে সরকারি জায়গায় অবৈধভাবে গড়ে তোলা দোকানপাট ভেঙ্গে গুঁড়িয়ে দিয়েছে আগরতলা পুর নিগম। আজ সকালে বড়জলা বাজার থেকে দূর্গা চৌমুহনী পর্যন্ত জবরদখলে থাকা দোকানগুলি গুঁড়িয়ে দেওয়া হয়েছে। আগরতলা পুর নিগম মেয়র দীপক মজুমদারের বলেন, আগরতলা শহরকে যানজটমুক্ত করার জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছে।



এদিন তিনি জানিয়েছেন, বড়জলা বাজার থেকে দূর্গা চৌমুহনী পর্যন্ত রাস্তার দুই পাশে সরকারি জায়গায় বেআইনিভাবে দোকানপাট গড়ে তোলা হয়েছিল। পুর নিগমের পক্ষ থেকে বেআইনি দখলদারদের দোকানপাট সরিয়ে নেওয়ার জন্য বেশ কয়েকবার বলা হয়েছিল।

এদিন তিনি আরও জানিয়েছেন, কিছু দিন পূর্বেও প্রসাশনের পক্ষ থেকে ওই সমস্ত ব্যবসায়ীদের নোটিশ দেওয়া হয়েছিল। কিন্তু অনেকেই তাতে কর্নপাত করেননি। অবশেষে আজ সকাল ☞ ৬ এর পাতায় দেখুন

## এত কম ভোট নিয়ে রাজ্যের ইতিহাসে কোন সরকার ক্ষমতায় বসেনি, বিজেপিকে কটাক্ষ মানিক সরকারের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** পরিস্থিতির মধ্যে পরিবর্তন আসছে। এক জায়গায় দাঁড়িয়ে নেই দেশের অবস্থা। তাই মানুষকে সঙ্ঘবদ্ধ করে ক্ষমতা থেকে হটাতে হবে দিল্লির জনগণের শত্রুদের। অধিকার সুরক্ষায় সমস্ত গণতান্ত্রিক শক্তি ঐক্যবদ্ধ করার আহ্বানে জি এম পি, টি ওয়াই এফ এবং টি এস ইউ -র উদ্যোগে আগরতলা টাউন হলে আয়োজিত হল সভায় একথা বললেন পলিটব্যুরোর সদস্য মানিক সরকার। বিধানসভার নির্বাচনে রাজ্যে ভারতীয় জনতা পার্টির সরকার পরাস্ত হয়েছে। তাদের ভোটের হার কমে দাঁড়িয়েছে ৪০ শতাংশ।




এত কম ভোট নিয়ে রাজ্যের ইতিহাসে কোন সরকার ক্ষমতায় বসেনি। তবে এটাও করতে পারত না যদি জনজাতিদের সাথে প্রতারণা করা নব্য সংগঠন। আর এটা বিজেপি, আরএসএস এবং বিশ্ব হিন্দু পরিষদ ভালো করেই বুঝতে পারছে যদি জনজাতি অংশের মানুষের একটা অংশের ভোট সাধারণ অংশের ভোটের সাথে নিয়ে বিভ্রান্ত না করা যেত তাহলে ক্ষমতায় বসা সম্ভব হতো না। এটা তাদের পরাজয় বলে তারাও মেনে নিচ্ছে। বিজেপি এবং তিপ্রা মথাকে কাঠগড়ায় দাঁড় করিয়ে এই কথাই বললেন শ্রী সরকার। ২০২৩-২৪ অর্থ বছরের বিধানসভা বাজেট প্রসঙ্গে পলিটব্যুরোর সদস্য মানিক সরকার বলেন এটা একটা জনবিরোধী বাজেট। এর মধ্যে জনগণের জন্য কিছুই নেই। ২০১৮ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতাচ্যুত হওয়ার সময় ঋণ ছিল ১২ হাজার ৯০০ কোটি টাকা, পাঁচ বছরে বর্তমান জোট সরকারের ঋণ ২৪ হাজার ৮০০ কোটি টাকা। কিন্তু পাঁচ বছরে রাস্তা ঘাট, বিদ্যুৎ, জল কিছুই করেনি এই সরকার। চারিদিকে শুধু অভাব অনাহার চলছে।গত এক সপ্তাহ আগেও বিশালগড়ে জন্মদাতা মা তার সন্তান বিক্রি করতে নিয়ে এসেছিল।

৪০ থেকে ৫০ হাজার টাকা দর কষাকষি হয়েছে। কোন কাজ হচ্ছে না শুধু ক্ষমতায় বসে লুন্ঠন করছে বিজেপি ও আইপিএফটি জোট সরকার বলে অভিযোগ তুলেন মানিক সরকার। মনিপুর প্রসঙ্গে বলেন, মনিপুর যখন জ্বলছে তখন প্রধানমন্ত্রী পার্লামেন্টে যেতে পারছেন না। এর পেছনে গুমোর হলো বোতল থেকে দৈত বের করেছে, এখন ঢুকাতে পারছেনা। শেষ পর্যন্ত বিরোধীরা পার্লামেন্টে অনাস্থা আনছে বলে সমালোচনা করেন তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির তীব্র সমালোচনা করে আরো বলেন, তিনি মানুষকে মানুষ বলে মনে ☞ ৬ এর পাতায় দেখুন



জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২৮৬ ▫২৯ মার্চ ২০২৩ইং ▫ ১২ শ্রাবণ ▫শনিবার ▫১৪৩০ বঙ্গাব্দ

## মুদ্রা বিনিময়ে ভারতের সান মজবুত হইতেছে

ডলারের পরিবর্তে ভারতীয় টাকা আমদানি রপ্তানি বাণিজ্যে ব্যবহার করিবার সিদ্ধান্ত আমেরিকার সহ কয়েকটি দেশকে রীতিমতো ভাবাইয়া তুলিয়াছে। চিনও তাহাতে রীতিমত বিব্রত। বিগত কয়েক বছরে আমূল পরিবর্তন হইয়াছে ভূরাজনৈতিক ক্ষেত্রে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর বদলাইয়া গিয়াছে আন্তর্জাতিক রাজনীতির সমীকরণও। রাশিয়ার উপর আমেরিকা অর্থনৈতিক নিষেধাজ্ঞা জারি করায় বিশ্ব বাণিজ্যেও ব্যাপক পরিবর্তন শুরু হইয়াছে।রাশিয়ার সঙ্গে বাণিজ্যে ডলার ব্যবহার করিতে না পারায় চিনের বেশ কিছুটা সুবিধা হইয়াছে। ডলারের বিকল্প হিসাবে অনেক দেশই ব্যবহার করিতেছে চিনা মুদ্রা ইউয়ান। তবে বিভিন্ন দেশের উপর যখন তখন আমেরিকার এই নিষেধাজ্ঞা মোটেই ভাল চোখে দেখিতেছে না চিন। এতে তাহাদের বিভিন্ন সংস্থার কার্যকলাপও বেশ সমস্যায় পড়িয়াছে। এই সমস্যার স্থায়ী সমাধান খুঁজিতে আগ্রহী বেজিং।এই সমস্যার সমাধানে আমেরিকা-সহ পশ্চিমি দুনিয়ার বিরুদ্ধে আইনি লড়াইয়ের পরিকল্পনা করিয়াছে চিন। প্রেসিডেন্ট শি জিনপিংয়ের চিনে বিদেশনীতি সংক্রান্ত নতুন একটি আইন পাশ করিয়েছেন। নতুন এই আইন চিনের পুরনো আন্তর্জাতিক সম্পর্ক আইনের সঙ্গে নতুন কয়েকটি নিয়মকে যুক্ত করা হইয়াছে। এর মাধ্যমেই আমেরিকা এবং অন্যান্য 'শত্রু' দেশের সঙ্গে মোকাবিলা করতে তৈরি হইতেছে ড্রাগন। নতুন আইনে অর্থনীতির চেয়ে জাতীয় নিরাপত্তার দিকে বেশি আগ্রহ দেখাইয়াছেন জিনপিং। আইনটির বয়ানে 'জাতীয় নিরাপত্তা' শব্দটি মোট সাত বার ব্যবহৃত হইয়াছে। কিন্তু 'অর্থনীতি' আসিয়াছে মাত্র দুইবার। গত ২৮ জুন চিনের ন্যাশনাল পিপ্‌লস কংগ্রেস বৈদেশিক সম্পর্ক বিষয়ক নতুন আইনটি পাশ করিয়াছে। এখন থেকে বিভিন্ন দেশের সঙ্গে সম্পর্কের নিরিখে ওই আইন প্রয়োগ করিতে পারে বেজিং।সম্প্রতি আমেরিকা এবং ইউরোপের একাধিক দেশ চিনা সংস্থার বিরুদ্ধে নানা অজুহাতে নিষেধাজ্ঞা জারি করিয়াছে। এতে বিদেশে চিনের ব্যবসার উপর মারাত্মক প্রভাব পড়িয়াছে। যে কোনও দেশের উপর আমেরিকার নিষেধাজ্ঞা যদি কোনও ভাবে চিনের স্বার্থে আঘাত করে, তবে নতুন আইনের মাধ্যমে সেই অধিকার সুরক্ষিত করিতে পারবে বেজিং। বিশ্ব অর্থনীতির ক্ষেত্রে ভারতের অবস্থান যে ক্রমশই সমুদ্রের হইতেছে তাহা বিভিন্ন কার্যকলাপের মধ্য দিয়াই প্রমাণিত হইতেছে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতিমধ্যেই ঘোষণা করিয়াছেন ভারত বর্ষ বিশ্বের তৃতীয় বৃহত্তম আর্থিক দেশ হিসাবে গড়িয়া উঠিতেছে। ইহা ভারত ও ভারতবাসীর কাছে খুবই আশার বাণীও বটে।

## লুধিয়ানায় শ্বাসকষ্টে অসুস্থ গর্ভবতী মহিলা, প্রশাসন জানাল গ্যাস লিকেজের ঘটনা ঘটেনি

লুধিয়ানা, ২৮ জুলাই (হি.স.): পঞ্জাবের লুধিয়ানার গিয়াসপুরায় শ্বাসকষ্টে সমস্যায় অসুস্থ হয়ে পড়লেন এক গর্ভবতী মহিলা। শুক্রবার সকালে বছর ৩৫-এর ওই গর্ভবতী মহিলা শ্বাসকষ্টের কথা জানান। ওই একই স্থানে নর্দমা গ্যাস লিকেজে ১১ জনের মৃত্যু হয়েছিল। ফলে মহিলা অসুস্থ বোধ করায় গ্যাস লিকেজের আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ওই মহিলা একটি ছোট খাবারের দোকান চালান। খবর পাওয়া মাত্রই পুলিশ ও অন্যান্য কর্মকর্তারা ঘটনাস্থলে ছুটে আসেন। মহিলাকে দ্রুত একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং এখন সে ভালো আছেন বলে জানা গিয়েছে। সাহনেওয়ালের স্টেশন হাউস অফিসার ইন্দ্রজিৎ সিং বলেছেন, "সকাল সাড়ে ৬টা নাগাদ এক মহিলা শ্বাসকষ্টের সমস্যার কথা বলেন। বলা হচ্ছে সেখানে একধরনের গ্যাস লিক হয়েছে।"" লুধিয়ানা পশ্চিমের এসডিএম হরজিন্দর সিং বলেছেন, 'এখানে কোনোও গ্যাস লিকের ঘটনা ঘটেনি। সেখানে এক গর্ভবতী মহিলা অজ্ঞান হয়ে যান। একজন গর্ভবতী মহিলার জন্য যা স্বাভাবিক, তিনি এখন ভালো আছেন। টেকনিক্যাল টিম, জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকে ডাকা হয়েছে, দু'বার খতিয়ে দেখা হয়। কোনও গ্যাস লিকেজ হয়নি।'

## আদালতে সুজয়কৃষ্ণের বিরুদ্ধে ১২৬ পাতার মূল চার্জশিট জমা পড়ল

কলকাতা, ২৮ জুলাই (হি. স.) : গ্রেফতারির দু'মাসের মাথায় নিয়োগ দুর্নীতিকাণ্ডে ধৃত সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে 'কালীঘাটের কাকু'র বিরুদ্ধে চার্জশিট পেশ করল তদন্তকারী সংস্থা ইডি। ইডি সূত্রে খবর, শুক্রবার কলকাতার নগর দায়রা আদালতে সুজয়কৃষ্ণের বিরুদ্ধে ১২৬ পাতার মূল চার্জশিট জমা পড়েছে। মোট চার্জশিট অবশ্য ৭ হাজার ৬০০ পাতার।

সুজয়কৃষ্ণ-ঘনিষ্ঠ সিভিক ভলান্টিয়ার রাহুল বেরাকে আগেই কয়েক বার জিজ্ঞাসাবাদ করেছেন ইডি আধিকারিকেরা। ইডি সূত্রে জানা গিয়েছিল, সুজয়কৃষ্ণের নির্দেশেই রাহুল ফোন থেকে গুরুত্বপূর্ণ তথ্য মুছে দিয়েছিলেন। রাহুলকে সেই নির্দেশ নাকি দিয়েছিলেন সুজয়কৃষ্ণই। এই বিষয়ে বেশ কিছু তথ্যপ্রমাণ ইডির হাতে আসে।

এর আগেই আদালতে ইডি জানিয়েছিল, একটি সংস্থার মাধ্যমে এক কোটি টাকার লেনদেন হয়েছে। হাওয়ালার মাধ্যমে বিভিন্ন খাতে ১০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। সুজয়কৃষ্ণ চারটি সংস্থা নিয়ন্ত্রণ করতেন বলেও আদালতে দাবি করে ইডি। হাওয়ালার টাকা আবাসন শিল্পে বিনিয়োগ করা হয়েছে বলে জানান ইডির আইনজীবী।

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটির তরফে দাবি করা হয়, সুজয়কৃষ্ণের সঙ্গে সম্পর্কিত ১০০টিরও বেশি ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা গিয়েছে। এ ছাড়াও অভিযোগ, "সুজয় ফোন করে রাহুলকে তথ্য মোছার নির্দেশ দিয়েছিলেন। এই বিষয়ে নিশ্চিত হতে সুজয়কৃষ্ণের কণ্ঠস্বর পরীক্ষা করতে চাইছে ইডি।

এই বিষয়ে আদালতের প্রয়োজনীয় অনুমতি মিলেছে। প্রয়োজনে ইডি আধিকারিকেরা সুজয়কৃষ্ণকে জেলে গিয়ে জিজ্ঞাসাবাদ করতে পারবেন। জেলে সিসি ক্যামেরা লাগানো থাকবে। সিসি ক্যামেরার ফুটেজ সংরক্ষণের নির্দেশ দিয়েছে আদালত।

## ২০১৪ সালের পর থেকে ভারতে এমবিবিএস আসনের সংখ্যা ১১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে : মনসুখ মান্ডভিয়া

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): ভারতে মেডিকেল কলেজের সংখ্যা ৮২ শতাংশ বৃদ্ধি পেয়েছে, ২০১৪ সালের আগে যা ছিল ৩৮৭, এখন তা ৭০৪। এমবিবিএস আসন সংখ্যা ১১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, ৫১ হাজার ৩৪৮ থেকে বেড়ে হয়েছে ১,০৭,৯৪৮। শুক্রবার সংসদে এমনটাই জানিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া।

লোকসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডাভিয়া জানান, দেশে স্নাতকোত্তর (পিজি) মেডিকেল আসনের সংখ্যাও ১১৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে, ২০১৪ সালের আগে যা ছিল ৩১,১৮৫, এখন তা ৬৭,৮০২। মান্ডভিয়া জানান, 'বিদ্যমান জেলা/রেফারাল হাসপাতালের সঙ্গে সংযুক্ত নতুন মেডিকেল কলেজ প্রতিষ্ঠার জন্য' কেন্দ্রীয়ভাবে স্পনসরড স্কিম (সিএসএস)-এর অধীনে গত পাঁচ বছরে ১০১টি মেডিকেল কলেজ অনুমোদিত হয়েছে।

# নয়া শিক্ষা নীতি ২০২০: জ্ঞান বিপ্লবে একবিংশ শতাব্দীর প্রকৃত নেতা হওয়ার পথে ভারত



ধর্মেন্দ্র প্রধান

**কেন্দ্রীয় মন্ত্রী-শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও শিল্পদ্যোগী মন্ত্রক ঃ-** জ্ঞান ই শক্তি। ভারতের সমৃদ্ধ জ্ঞান ক্ষমতা বেদ এবং উপনিষদে স্পষ্ট, যা শতাব্দী ধরে জ্ঞানের বিশাল উৎস হিসাবে কাজ করে আসছে। নালন্দা এবং তক্ষশিলার মতো আমাদের প্রাচীন ভারতীয় বিশ্ববিদ্যালয়গুলির মাধ্যমে ভারত অতীতকালে আন্তর্জাতিক জ্ঞানের কেন্দ্র হয়ে উঠেছিল। সময়ের সাথে সাথে, ভারতের জ্ঞান শক্তি এবং সম্পদ মুঘল, মঙ্গোল, ব্রিটিশ, ডাচ এবং পর্তুগিজ সহ অনেককে আকৃষ্ট করেছিল, যারা ইতিহাসের বিভিন্ন সময়ে ভারত আক্রমণ করে, এবং তাদের হাতে ভারতের জ্ঞানভাণ্ডার ভীষনভাবে ধ্বংস হয়েছিল। কিন্তু এটা সর্বজনবিদিত এবং স্বীকৃত যে, আক্রমণকারীরা আমাদের জমি লুট করতে পেরেছিল এবং আমাদের বিশ্ববিদ্যালয়গুলিকেও ধ্বংস করতে পেরেছিল বটে, কিন্তু আমাদের দেশের গুরুকুল এবং যোগীদের কাছে তারা পরাস্ত হয়েছিল।

দ্বিতীয় শিল্প বিপ্লবের সময় ব্রিটেন বিশ্বকে নেতৃত্ব দিলেও তৃতীয় স্থানে নেতৃত্ব দেয় যুক্তরাষ্ট্র। আজ, যখন ভারত ব্রিটেনকে অতিক্রম করে বিশ্বব্যাপী পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে, তখন সময় এসেছে যে এই দেশ আবারও জ্ঞানের কেন্দ্রবিন্দু তে পরিণত হবে এবং নতুন এবং উদীয়মান প্রযুক্তির সূচকীয় বৃদ্ধি দ্বারা চিহ্নিত চতুর্থ শিল্প বিপ্লবের অভিমুখে বিশ্বকে নেতৃত্ব দেবে।

এই প্রত্যাশিত পরিবর্তনগুলির মধ্যে, ভারতের শিক্ষা ব্যবস্থাকে একবিংশ শতাব্দীতে বিশ্বব্যাপী জ্ঞানের শক্তি কেন্দ্রে রূপান্তরিত করার লক্ষ্যে, ২০১৪ সালেই মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছিলেন। ভারতে আজ ২৬০ মিলিয়নেরও বেশি স্কুলগামী শিশু রয়েছে এবং ৪০ মিলিয়নেরও বেশি শিক্ষার্থী উচ্চশিক্ষায় নিয়োজিত, যার মধ্য দিয়ে বিশ্বব্যাপী বৃহত্তম শিক্ষা ব্যবস্থার দেশ এই দেশঊ জনসাধারণ সহ সংস্লিষ্ট অংশীদারদের সঙ্গে ব্যাপক আলোচনার পর, ৩৪ বছর পরে জাতীয় শিক্ষানীতি (এনইপি) ২০২০ চালু করা হয়েছে। ২৯ শে জুলাই, ২০২৩-এ আমরা এনইপি-র তৃতীয় বর্ষপূর্তি উদযাপন করতে চলেছি - দুই দিনের অখিল ভারত শিক্ষাসমাগম --- শিক্ষার উপর একটি "মহাকুম্ভ' - এর মাধ্যমে।

গত তিন বছরে এনইপির উল্লেখযোগ্য সাফল্য দেখা গেছে। ভারতের ইতিহাসে প্রথমবারের মতো, প্রারম্ভিক শৈশব যত্ন এবং শিক্ষা (ইসিসিই) আনুষ্ঠানিক বিদ্যালয় শিক্ষা ব্যবস্থার সাথে একত্রীভূত করা হয়েছেঊ ৮০ শতাংশেরও বেশি শিশুর মস্তিষ্কের বিকাশ ৮ বছর বয়সের আগে ঘটে, এই প্রমানিত তথ্যকে স্বীকৃতি দিয়ে ওই পদক্ষেপ গ্রহণ করা হয়ঊ উপরন্তু, ৩-৮ বছর বয়সী শিশুদের জন্য প্রথম জাতীয় পাঠ্যক্রম ফ্রেমওয়ার্ক ফর ফাউন্ডেশনাল স্টেজ (এনসিএফ-এফএস) বিকাশে একটি খেলা-ভিত্তিক শিক্ষাবিজ্ঞানের উপর জোর দেওয়া হয়েছে। এই কাঠামোতে কথোপকথন, গল্প, সংগীত, শিল্পকলা, কারুশিল্প, গেমস, প্রকৃতি ক্ষেত্র ভ্রমণ এবং উপকরণ এবং খেলনাগুলির সাথেও পারস্পরিক খেলার মতো বিভিন্ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এই পদ্ধতির একটি উদাহরণ, যাদুইপিতারা (ম্যাজিক বক্স), স্কুলগুলির গ্রহণের জন্য তৈরি করা হয়েছে।

এনসিএফ-এফএস ভিত্তিক প্রথম ও দ্বিতীয় শ্রেণির পাঠ্যপুস্তক প্রকাশ করা হয়েছে, যা ২০২৬ সালের মধ্যে মৌলিক সাক্ষরতা এবং সংখ্যাবিজ্ঞান অর্জনের জন্য জাতীয় নিপুণ ভারত মিশনের পরিপূরক। আসন্ন ন্যাশনাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক ফর স্কুল এডুকেশনের (এনসিএফ-এসই) সঙ্গে সামঞ্জস্য রেখে প্রায় ১৫০টি নতুন পাঠ্যপুস্তক উপলব্ধ করা হবে। এগুলি অমৃতকালের বই হবে এবং প্রকাশিত হবে ২২ টি ভারতীয় ভাষায়, যা এনইপি ২০২০ এর বহুভাষিক শিক্ষার দৃষ্টিভঙ্গির প্রসার ঘটাবেঊ পাঠ্যপুস্তকের ডিজিটাল সংস্করণগুলি পিএম ই-বিদ্যার মাধ্যমে সুলভ হচ্ছে, যাতে ন্যায়সঙ্গতভাবে ও চাহিদা অনুযায়ী পাওয়া যায়ঊ এনইপি-র সত্যিকারের চেতনার প্রতিনিধিত্বকারী পিএম শ্রী স্কুল ফর রাইজিং ইন্ডিয়া বা উদীয়মান ভারতের জন্য প্রধানমন্ত্রী শ্রী বিদ্যালয় সারা দেশে স্থাপন করা হচ্ছে। এনইপি ২০২০ এর সংহতকরণ এবং সাধারণ শিক্ষার সাথে মূলধারার মাধ্যমে বৃত্তিমূলক শিক্ষার উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। আমরা সমগ্র শিক্ষা এবং স্কিল ইন্ডিয়া মিশনের মধ্যে সমন্বয় তৈরি করছি যাতে স্কুল পর্যায়ে দক্ষতা প্রোগ্রাম চালু করা যায়। শিক্ষার্থী এবং ঝরে পড়া শিক্ষার্থীদের ব্যাপক দক্ষতা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রোগ্রাম সরবরাহের জন্য বিদ্যালয়গুলিতে ৫০০০ স্কিল হাব স্থাপন করা হচ্ছে। তদুপরি, একটি অনন্য জাতীয় ক্রেডিট ফ্রেমওয়ার্ক (এনসিআরএফ) চালু করা হয়েছে যা স্কুল, উচ্চতর এবং দক্ষতা শিক্ষা এবং প্রশিক্ষণকে বিস্তৃত করে আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক শিক্ষা অর্জন করার সুযোগ দিচ্ছেঊ এনসিআরএফ অনুযায়ী, শিক্ষা গ্রহনের বিভিন্ন স্তরে একাধিকবার প্রবেশ এবং প্রস্থান করা যায়, শিক্ষার্থীদের তাদের জীবনের যে কোনও সময় উচ্চশিক্ষা ব্যবস্থায় পুনরায় প্রবেশের অনুমতি পাওয়া যায়ঊ এছাড়া, একজন শিক্ষার্থী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিভিন সময়ে করার পর অর্জিত কোর্স থেকে যে মান (ক্রেডিট) অর্জন করবেন, সেগুলো জমা করার সুবিধে পাবেন, যা একাডেমিক ব্যাংক অফ ক্রেডিটে (এবিসি) বলে পরিচিত ঊ

প্রযুক্তি শিক্ষার্থীদের অনলাইনে ডিগ্রি প্রোগ্রাম গুলি অনুসরণ করতে সক্ষম করছে, শিক্ষার্থীদের নমনীয়তা বৃদ্ধি করছে এবং বিশেষত প্রত্যন্ত অঞ্চলে মানসম্পন্ন শিক্ষার অ্যাক্সেস বৃদ্ধি করছে। স্বয়ম পোর্টালে অনলাইন কোর্সের মাধ্যমেও ক্রেডিট অর্জন করা যেতে পারে এবং শীঘ্রই ভারতে একটি ডিজিটাল বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। চাহিদা-ভিত্তিক দক্ষতা বৃদ্ধি, এমএসএমই (শিলপ উদ্যোগ) সহ নিয়োগকর্তাদের সাথে সংযোগ স্থাপন এবং উদ্যোক্তা প্রকল্পগুলিতে অ্যাক্সেস সহজতর করার জন্য একটি সমন্বিত স্কিল ইন্ডিয়া ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে দক্ষতা অর্জনের জন্য ডিজিটাল ইকোসিস্টেমকে আরও শক্তিশালী করা হয়েছে। আমরা দক্ষ প্রার্থীদের বৈশ্বিক গতিশীলতা সহজতর করার জন্যও কাজ করছি। তরুণদের আন্তর্জাতিক মানের দক্ষতা প্রশিক্ষণ প্রদান এবং দক্ষ জনশক্তির জন্য বিদেশে সুযোগ বাড়ানোর লক্ষ্যে ৩০ টি ইন্ডিয়া ইন্টারন্যাশনাল স্কিল সেন্টার স্থাপন করা হচ্ছে। শিল্প ৪.০ এর চাহিদা পূরণের জন্য বিশেষভাবে তৈরি ৩৩০ টিরও বেশি নতুন যুগের কোর্স তৈরী করা হয়েছে।

শেখার ক্ষেত্রে ভাষাগত বাধা অতিক্রম করার জন্য, অনেক উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এখন অনেক ভারতীয় ভাষায় প্রযুক্তিগত প্রোগ্রাম সরবরাহ করছে। এআই অনুবাদ সরঞ্জামগুলি বিভিন্ন ভারতীয় ভাষায় পাঠ্যপুস্তকের অনুবাদকে সহজতর করছে। জে ই ই, এন ই ই টি এবং সি ইউ ই টি-র মতো প্রধান প্রবেশিকা পরীক্ষাগুলি এখন ১৩ টি ভাষায় উপলব্ধ।

শিক্ষার আন্তর্জাতিকীকরণের ক্ষেত্রে, ভারতের প্রতিষ্ঠানগুলি বিদেশে ক্যাম্পাস স্থাপন করছে। আইআইটি মাদ্রাজ যখন জাঞ্জিবার-তানজানিয়ায় তার ক্যাম্পাস নিয়ে বিশ্বব্যাপী এগিয়ে চলেছে, সংযুক্ত আরব আমির শাহিতে দিল্লি আইআইটি ক্যাম্পাস স্থাপনের জন্য একটি সমঝোতা পত্র এই মাসের শুরুতে প্রধানমন্ত্রী মোদীর উপস্থিতিতে স্বাক্ষরিত হয়। উল্লেখযোগ্য বিদেশী বিশ্ববিদ্যালয়গুলিও গুজরাটের গিফট সিটিতে তাদের ক্যাম্পাস স্থাপন করছে এবং অদূর ভবিষ্যতে বিদেশে একটি স্কুল বোর্ড সহ অন্যান্য ভারতীয় প্রতিষ্ঠানের উপস্থিতি আরও প্রসারিত করার উচ্চাভিলাষী পরিকল্পনা রয়েছে।

অমৃতকালের অধীনে 'বিকশিত ভারত'-এর স্বপ্ন কেবল অমৃতপিরি বা অমৃত প্রজন্মের আকাঙ্ক্ষা পূরণের মাধ্যমেই অর্জন করা যেতে পারে। আমাদের জনসংখ্যার প্রায় ৬৫ কর্মক্ষম বয়সের মধ্যে রয়েছে, আমাদের অবশ্যই এমন একটি বয়সের জন্য কাঠামো তৈরি করতে হবে যেখানে আজীবন শেখা এবং দক্ষতা অর্জন করাই শেষ কথা হবে বলে আশা করা হচ্ছে।

বসুধৈব কুটুম্বকমের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ভারত একবিংশ শতাব্দীতে প্রকৃত নেতৃত্ব হওয়ার পথে রয়েছে। এবং এনইপি এই রূপান্তরকে বর্তমান বাস্তবতার সাথে সংযুক্ত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশ্ব নাগরিক তৈরির দৃষ্টিভঙ্গি নিয়ে ভারতের জ্ঞান ব্যবস্থার শিকড়ের উপর জোর দিয়ে, বিশ্বব্যাপী যে কোনও জায়গায় - বিশেষত দরিদ্র এবং উদীয়মান অর্থনীতির দেশগুলো যারা উপনিবেশের ছায়া থেকে মুক্ত হতে চাইছে ---তদের জন্য জ্ঞান-ভিত্তিক সমাজ তৈরির জন্য একটি পথপ্রদর্শক দর্শন হওয়ার সম্ভাবনা দেখেছে। এনইপি তার চতুর্থ বছরে প্রবেশ করার সাথে সাথে এর সাফল্যের অর্থ হবে, ২০৪৭ সালের মধ্যে একটি বিকশিত ভারত (উন্নত ভারত) এবং জ্ঞানের আদানপ্রদান এবং শান্তিকেন্দ্রিক একটি নতুন বিশ্ব ব্যবস্থা।

# নোবেলজয়ী পদার্থবিজ্ঞানী চন্দ্রশেখর

প্রদীপ দেব

মহাবিশ্বের মহাজাগতিক কাজকর্ম পর্যবেক্ষণ করার জন্য অনেকগুলো শক্তিশালী টেলিস্কোপ মহাকাশে স্থাপন করা হয়েছে। কোটি আলোকবর্ষ দূর থেকে ছুটে আসা মহাজাগতিক বিদ্যুৎ—চুম্বক তরঙ্গ শনাক্ত এবং বিশ্লেষণ করে মহাজাগতিক ঘটনার প্রমাণ সংগ্রহ করার জন্য মহাকাশেই স্থাপন করা হয়েছে 'অবজারভেটরি' বা মানমন্দির। এগুলোর মধ্যে সবচেয়ে শক্তিশালী অবজারভেটরি, যা পৃথিবীপৃষ্ঠ থেকে প্রায় ১ লাখ ৪০ হাজার কিলোমিটার দূরে মহাকাশে ভেসে ভেসে মহাজাগতিক ঘটনাবলি পর্যবেক্ষণ করছে, তার নাম 'চন্দ্র এক্স-রে অবজারভেটরি'।যাঁর নাম অনুসারে এই অবজারভেটরির নাম রাখা হয়েছে, তিনি আমাদের উপমহাদেশের সন্তান জ্যোতির্পদার্থবিজ্ঞানী সুব্রাহ্মনিয়ান চন্দ্রশেখর। বিজ্ঞানী মহলে যিনি 'চন্দ্র' নামে পরিচিত।

১৯৯৮ সালে নাসা তাদের নতুন এক্স-রে অবজারভেটরির জন্য নাম আহ্বান করে সারা পৃথিবীর বিজ্ঞানশিক্ষার্থী ও বিজ্ঞানীদের কাছ থেকে। প্রায় ছয় হাজার মানুষ চিঠি লিখে নাম পাঠান। এর মধ্যে বেশির ভাগই বিজ্ঞানী চন্দ্রশেখরের নাম প্রস্তাব করেন। ১৯৯৮ সালের ২১ ডিসেম্বর নাসার সংবাদ সম্মেলনে ঘোষণা করা হয়, এক্স-রে অবজারভেটরির নাম রাখা হবে 'চন্দ্র'। অবজারভেটরি সেন্টারের পরিচালক হার্ভি ট্যানানবাম বলেন, বিশ্বব্রহ্মাণ্ডকে বোঝার জন্য সারা জীবন নিরলসভাবে কাজ করে গেছেন চন্দ্রশেখর।

ব্রিটিশ অ্যাস্ট্রোনোমার জেনারেল মার্টিন রিজের মতে, আইনস্টাইনের পর চন্দ্রই একমাত্র ব্যক্তি, যিনি মহাবিশ্ব নিয়ে এত দীর্ঘ সময় ধরে এবং এত গভীরভাবে ভেবেছেন। পদার্থবিজ্ঞানী ফ্রিম্যান ডাইসনের মতে, চন্দ্রশেখর মহাবিশ্বকে বুঝেছিলেন আইনস্টাইনের চেয়েও সঠিকভাবে; কারণ, আইনস্টাইন ব্ল্যাকহোলের অস্তিত্ব স্বীকার করেননি, আর চন্দ্রশেখর ব্ল্যাকহোলের অস্তিত্ব প্রমাণ করেছেন। জ্যোতির্বিজ্ঞানের সবচেয়ে উজ্জ্বল নক্ষত্র সুব্রাহ্মনিয়ান চন্দ্রশেখর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন ১৯৮৩ সালে। নক্ষত্রের ভরের সীমাসংক্রান্ত যে গবেষণার জন্য তিনি নোবেল পুরস্কার পান, সেই গবেষণার সূত্রপাত হয়েছিল এই উপমহাদেশে ১৯২৯ সালে, চন্দ্রশেখরের বয়স তখন মাত্র ১৯ বছর। চন্দ্রশেখর নিজের জন্মতারিখ বলতেন 'নাইন্টিন টেন নাইন্টিন টেন' অর্থাৎ 'উনিশ দশ উনিশ শ দশ'। ১৯১০ সালের ১৯ অক্টোবর ব্রিটিশ ভারতের লাহোরে (বর্তমানে পাকিস্তান) জন্ম চন্দ্রশেখরের। চন্দ্রশেখরের বাবা সুব্রাহ্মনিয়ান ছিলেন ব্রিটিশ সরকারের ফাইন্যান্সিয়াল সিভিল সার্ভিসের উচ্চপদস্থ কর্মকর্তা। কাকা ভেঙ্কটরমনও (নোবেলজয়ী পদার্থবিজ্ঞানী সি ভি রমন) কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগ দেওয়ার আগপর্যন্ত ফাইন্যান্সিয়াল সিভিল সার্ভিসে কাজ করতেন। ১৯১০ সালে চন্দ্রশেখরের জন্মের সময় সুব্রাহ্মনিয়ান নর্থ ওয়েস্টার্ন রেলওয়ের ডেপুটি অডিটর জেনারেল হিসেবে লাহোরে কর্মরত ছিলেন। বদলির চাকরির কারণে কয়েক বছর পরপর তাঁদের বাসস্থান বদলে যেত। ফলে চন্দ্রশেখরের প্রাথমিক পড়াশোনা শুরু হয় বাড়িতেই। ১১ বছর বয়স পর্যন্ত বাড়িতে বাবা ও প্রাইভেট টিউটরের কাছে পড়াশোনা করেছেন চন্দ্রশেখর। ইচ্ছেমতো গণিত ও ইংরেজির পাঠ নিয়েছেন। চন্দ্রশেখরের ১২ বছর বয়সের সময় তাঁর বাবা মাদ্রাজে স্থায়ীভাবে বাস করতে শুরু করেন। ১৪ বছরে স্কুল সার্টিফিকেট পাস করে চন্দ্রশেখর ভর্তি হন মাদ্রাজ প্রেসিডেন্সি কলেজে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে ডিস্টিংশনসহ উচ্চমাধ্যমিক পাস করলেন চন্দ্রশেখর। পদার্থবিজ্ঞানে অনার্স নিয়ে বিএসসিতে ভর্তি হলেন প্রেসিডেন্সি কলেজে।

১৯২৮ সালের অক্টোবর মাসে কলকাতা বিশ্ববিদ্যালয়ে একটা সিরিজ বক্তৃতা দিয়ে মাদ্রাজের প্রেসিডেন্সি কলেজে বক্তৃতা দিতে এলেন আর্নল্ড সমারফেল্ড। এত বড় একজন পদার্থবিজ্ঞানীর লেকচার শুনতে পারবেন ভেবে চন্দ্রশেখর ভীষণ উত্তেজিত। তিনি ইতিমধ্যে পড়ে ফেলেছেন সমারফেল্ডের বিখ্যাত বই অ্যাটমিক স্ট্রাকচার অ্যান্ড স্পেকট্রা লাইন্‌স। শুধু পড়া নয়, বইতে বর্ণিত সমস্যাগুলোর সমাধানও করে ফেলেছেন নিজে নিজে

সমারফেল্ডের বক্তৃতার পরের দিন আত্মবিশ্বাসী তরুণ চন্দ্রশেখর হোটেলে গিয়ে দেখা করলেন সমারফেল্ডের সঙ্গে। চন্দ্রশেখরের আগ্রহ আর এত কম বয়সেই পরমাণুর গঠন—সম্পর্কিত জটিল ধারণাগুলো আয়ত্ত করে ফেলার ক্ষমতা দেখে মুগ্ধ হলেন সমারফেল্ড। কিন্তু তিনি যখন বললেন, তাঁর অ্যাটমিক স্ট্রাকচার বইয়ে বর্ণিত কোয়ান্টাম মেকানিকসের তত্ত্বগুলো ইতিমধ্যে পুরোনো হয়ে গেছে, শুনে স্তম্ভিত হয়ে গেলেন চন্দ্রশেখর। সমারফেল্ড অনেকক্ষণ ধরে কোয়ান্টাম মেকানিকসের সাম্প্রতিক আবিষ্কারের কথা বললেন চন্দ্রশেখরকে। বললেন শ্রোডিঙ্গার, হাইজেনবার্গ, ডিরাক ও পাউলির নতুন কোয়ান্টাম তত্ত্বের কথা। চন্দ্রশেখর ম্যাক্সওয়েল-বোল্টজম্যানের ক্লাসিক্যাল স্ট্যাটিস্টিকস আত্মস্থ করেছেন ইতিমধ্যে। কিন্তু সমারফেল্ড জানালেন ম্যাক্সওয়েল-বোল্টজম্যান তত্ত্বেও পরিবর্তন আসছে। সমারফেল্ড কোয়ান্টাম মেকানিকসের আলোকে ফার্মি-ডিরাক স্ট্যাটিসটিকস সম্পর্কিত তাঁর প্রকাশিতব্য একটা গবেষণাপত্রের প্রুফ পড়তে দিলেন চন্দ্রশেখরকে। কোয়ান্টাম তত্ত্বের আলোকে পদার্থের ইলেকট্রন তত্ত্বের ওপর প্রথম পেপারটি পড়ে ফেললেন চন্দ্রশেখর, প্রকাশিত হওয়ার আগেই। জ্বলতে জ্বলতে নিজের নিউক্লিয়ার শক্তি নিঃশেষ করে ফেলে হোয়াইট ডোয়ার্ফে পরিণত হয়েছে একটা নক্ষত্র সমারফেল্ডের সঙ্গে সাক্ষাতের পর পদার্থবিজ্ঞানের গবেষণায় মনপ্রাণ ঢেলে দিলেন চন্দ্রশেখর। কয়েক মাসের মধ্যেই ১৯২৮ সালে ইন্ডিয়ান জার্নাল অব ফিজিকস---এ প্রকাশিত হলো চন্দ্রশেখরের প্রথম গবেষণাপত্র থার্মডোয়নামিকস অব দ কম্পটন ইফেক্ট উইথ রেফারেন্স টু দ্য স্টারস। তারপর সমারফেল্ডের সঙ্গে আলোচনা ও তাঁর ফার্মি-ডিরাক স্ট্যাটিসটিকসের পেপারটির ওপর ভিত্তি করে দ্বিতীয় গবেষণাপত্রটি রচনা করেন চন্দ্রশেখর। দ্য কম্পটন স্ক্যাটারিং অ্যান্ড দ্য নিউ স্ট্যাটিসটিকস শিরোনামের পেপারটির বিষয়বস্তুর নতুনত্ব ও গুরুত্বের কথা চিন্তা করে চন্দ্রশেখর ভাবলেন, পেপারটি রয়্যাল সোসাইটির প্রসিডিংসে প্রকাশ করবেন। কিন্তু রয়েল সোসাইটির কোনো ফেলোর সুপারিশ ছাড়া রয়েল সোসাইটিতে প্রকাশের জন্য কোনো গবেষণাপত্র বিবেচিত হয় না। চন্দ্রশেখর চাইলেই তাঁর কাকা ভেঙ্কটরমনের মাধ্যমে পেপারটি রয়েল সোসাইটিতে পাঠাতে পারেন। কিন্তু তিনি চাননি ব্যক্তিগত পরিচিতি কাজে লাগাতে। মাদ্রাজ ইউনিভার্সিটির লাইব্রেরিতে গিয়ে নতুন আসা সায়েন্টিফিক জার্নাল খুঁজে দেখলেন রয়্যাল সোসাইটির ফেলো রালফ ফাওলার ফার্মি-ডিরাক স্ট্যাটিসটিকস কাজে লাগিয়ে শ্বেত-বামনের তত্ত্ব প্রতিষ্ঠা করেছেন। চন্দ্রশেখর জার্নাল থেকে ঠিকানা নিয়ে রালফ ফাওলারের কাছে তাঁর পেপারটি পাঠিয়ে দিলেন। ফাওলার এত উঁচুমানের পেপার পেয়ে খুশি হয়েই রয়্যাল সোসাইটিতে পাঠিয়ে দিলেন। ১৯২৯ সালে রয়্যাল সোসাইটির প্রসিডিংসে প্রকাশিত হলো চন্দ্রশেখরের দ্বিতীয় গবেষণাপত্র। ১৯৩০ সালে পদার্থবিজ্ঞানে অনার্স পাস করার আগেই চন্দ্রশেখরের আরও দুটি পেপার প্রকাশিত হয় ফিলোসফিক্যাল ম্যাগাজিনে। সে বছরই স্কলারশিপ নিয়ে ইংল্যান্ডে রওনা হলেন চন্দ্রশেখর কেমব্রিজে গিয়ে প্রফেসর রালফ ফাওলারের তত্ত্বাবধানে পড়াশোনা করার জন্য। প্রফেসর ফাওলারের শ্বেত—বামন তত্ত্ব—সংক্রান্ত যত পেপার প্রকাশিত হয়েছে, তার সব কটিই গভীর মনোযোগ দিয়ে পড়েছেন চন্দ্রশেখর কেমব্রিজে যাওয়ার আগেই। ফাওলারের তত্ত্ব সম্প্রসারণ করে নিজেই একটা পেপার লিখে সঙ্গে নিয়েছিলেন জাহাজে ওঠার আগে। আর জাহাজে বসে হাত দিলেন নতুন আরেকটি পেপার লেখার কাজে। প্রফেসর রালফ ফাওলার শ্বেত বামন নক্ষত্রের ধর্মাবলি ব্যাখ্যা করেছেন ফার্মি-ডিরাক সংখ্যায়ন ব্যবহার করে। যেসব নক্ষত্র জ্বলতে জ্বলতে সেগুলোর নিউক্লিয়ার শক্তি নিঃশেষ করে ফেলেছে, সাধারণত সেই সব নক্ষত্রকে হোয়াইট ডোয়ার্ফ বা শ্বেত---বামন বলা হয়। এই নক্ষত্রগুলোর মহাকর্ষ বল এত বেড়ে যায় যে সেগুলোর ঘনত্ব সাধারণ পদার্থের চেয়ে হাজার হাজার গুণ বেশি হয়ে পড়ে। ঘনত্ব বেড়ে গিয়ে আয়তনে ছোট হয়ে যাওয়ার পর সেগুলো তাপ বিকিরণ করে আস্তে আস্তে ঠান্ডা হতে শুরু করে। ফাওলার শ্বেত-বামনের ভর ও ঘনত্বের মধ্যে গাণিতিক সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছেন, যা সেই সময়ের পরীক্ষামূলক ফলাফলের সঙ্গে মিলে যায়।

জাহাজে বসে চন্দ্রশেখর নতুন করে ভাবতে শুরু করলেন শ্বেত-বামনের ঘনত্ব ও ভর নিয়ে। ফাওলার ইলেকট্রনকে নন-রিলেটিভিস্টিক বা অনাপেক্ষিক কণা হিসেবে ধরে নিয়ে হিসাবের মধ্যে নিউটনিয়ান মেকানিকস প্রয়োগ করেছেন। কিন্তু শ্বেত—বামনের কেন্দ্রে ইলেকট্রনগুলো এত জোরে ছুটে বেড়াচ্ছে, তারা কিছুতেই অনাপেক্ষিক থাকতে পারে না। আইনস্টাইনের আপেক্ষিকতার তত্ত্ব এখানে প্রয়োগ করতেই হবে। নক্ষত্রগুলোর একটি নির্দিষ্ট রাসায়নিক গঠন ধরে নিয়ে ফাওলার হিসাব করে দেখিয়েছেন, শ্বেত—বামনের ঘনত্ব হবে ভরের বর্গের সমানুপাতিক। একটু ভেবে দেখলেই এর সত্যতা বোঝা যায়। নক্ষত্রের ভর যত বেশি হবে, মাধ্যাকর্ষণ বল তত বেশি হবে; ফলে নক্ষত্রের ভেতরের পদার্থগুলো ঘন হয়ে নিজেদের মধ্যে গুটিয়ে যাবে আর ঘনত্ব বেড়ে যাবে। ফলে নক্ষত্রের আয়তন খুব কমে যাবে। সেগুলো এত ছোট হয়ে যাবে যে সেগুলো আর দেখা যাবে না। সে কারণেই সূর্যের চেয়ে বেশি ভরের কোনো শ্বেত—বামন নক্ষত্র দেখা যায় না। চন্দ্রশেখর আইনস্টাইনের আপেক্ষিকতার তত্ত্ব প্রয়োগ করে দেখলেন, ভরের তুলনায় শ্বেত ---বামনের ঘনত্ব ফাওলারের হিসাবের তুলনায় আরও অনেক বেড়ে যায়। ভর বৃদ্ধির সঙ্গে ঘনত্বের দ্রুত বৃদ্ধিই শুধু হয় না, একটা নির্দিষ্ট ভরের বেশি হলে ঘনত্বের পরিমাণ হয়ে যায় অসীম। ভরের এই নির্দিষ্ট সীমাই পরে 'চন্দ্রশেখর লিমিট' হিসেবে গৃহীত হয়। ভরের এই সীমা নক্ষত্রের রাসায়নিক উপাদানের ওপর নির্ভর করে।

চন্দ্রশেখর জাহাজে বসে ইংল্যান্ডে পৌঁছানোর আগেই লিখে শেষ করলেন তাঁর পেপার 'দ্য ম্যাক্সিমাম মাস অব আইডিয়েল হোয়াইট ডোয়ার্ফ'। তিনি হিসাব করে দেখিয়েছিলেন যে কোনো শ্বেত—বামনের ভর সূর্যের ভরের ৯০ শতাংশের বেশি হলে তার ঘনত্ব অসীম হয়ে যাবে। পরে অবশ্য এই মান কিছুটা পরিবর্তিত হয়। বর্তমানে চন্দ্রশেখর লিমিট হলো সূর্যের ভরের ১.৪ গুণ। এর ৫৩ বছর পর ১৯৮৩ সালে চন্দ্রশেখর নোবেল পুরস্কার পান এই কাজের জন্য, যা তিনি করেছিলেন মাত্র ১৯ বছর বয়সে ভারত থেকে ইংল্যান্ড যাওয়ার পথে জাহাজে বসে। কেমব্রিজে গিয়ে প্রফেসর ফাওলারের সঙ্গে দেখা করলেন চন্দ্রশেখর। ফাওলারের সঙ্গে দেখা করেই তিনি নতুন লেখা পেপার দুটি দেখালেন। প্রথম পেপার, যেটাতে ফাওলারের কাজ বিস্তৃত করা হয়েছে, তা খুশি মনে মেনে নিলেন ফাওলার এবং রয়্যাল সোসাইটির প্রসিডিংসে প্রকাশের জন্য পাঠিয়ে দিলেন। কিন্তু দ্বিতীয় পেপার যেটাতে চন্দ্রশেখর ভরের সীমা হিসাব করেছেন, সেটা নিয়ে ফাওলার দ্বিধান্বিত হয়ে পড়লেন। ফাওলার বললেন পেপারটা এডওয়ার্ড মিলনির কাছে পাঠিয়ে মতামত নিতে। কিন্তু কয়েক মাস পরও ফাওলার বা মিলনির কাছ থেকে কোনো সাড়া পাওয়া গেল না পেপারটির ব্যাপারে। চন্দ্রশেখর বুঝতে পারলেন যে ফাওলার হয়তো চাচ্ছেন না যে পেপারটি এখন প্রকাশিত হোক। চন্দ্রশেখর আর অপেক্ষা করলেন না। পেপারটির ছোট একটা সংস্করণ (মাত্র দুই পৃষ্ঠা) পাঠিয়ে দিলেন যুক্তরাষ্ট্রের অ্যাস্ট্রোফিজিক্যাল জার্নালে। পরের বছর অ্যাস্ট্রোফিজিক্যাল জার্নাল-এ প্রকাশিত হলো চন্দ্রশেখরের বিখ্যাত গবেষণাপত্রদ্য ম্যাক্সিমাম মাস অব আইডিয়েল হোয়াইট ডোয়ার্ফ (অ্যাস্ট্রোফিজিক্যাল জার্নাল, (১৯৩১) সংখ্যা ৭৪, পৃ. ৮১-৮২)।

রিলেটিভিস্টিক আয়োনাইজেশন ও মহাকাশ নিয়ে গবেষণা করে ১৯৩৩ সালে পিএইচডি সম্পন্ন করলেন চন্দ্রশেখর। এরপর ট্রিনিটি কলেজের ফেলোশিপ পেলেন। রামানুজনের পরে চন্দ্রশেখরই হলেন দ্বিতীয় ভারতীয়, যিনি এই ফেলোশিপ পেলেন। ১৯৩৪ সালের মধ্যে রিলেটিভিস্টিক কোয়ান্টাম মেকানিকসের আলোকে শ্বেত—বামনের ভর ও ঘনত্বের সীমা নিয়ে বিস্তারিত হিসাবসহ দুটি পেপার প্রকাশের জন্য রয়্যাল অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটিতে জমা দিলেন। রয়েল অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটির আমন্ত্রণে ১৯৩৫ সালের জানুয়ারি মাসে সোসাইটির মাসিক সভায় বক্তৃতা দেন চন্দ্রশেখর। সভায় উপস্থিত ছিলেন স্যার আর্থার এডিংটন। জ্যোতির্বিজ্ঞানে সেই সময় এডিংটনের কথাই শেষ কথা। এডিংটন চন্দ্রশেখরের গবেষণাকে স্বীকৃতি তো দিলেনই না; বরং অপমান করলেন। এডিংটনের মতে যে কোনো তারাই শক্তিক্ষয়ের পর একসময় প্রাকৃতিক নিয়মেই মরে যাবে। সেখানে শ্বেত—বামন বা ভরের সীমার কোনো শর্ত থাকতে পারে না।

এর প্রায় দুই যুগ পর চন্দ্রশেখর লিমিট নিজের যোগ্যতাতেই প্রতিষ্ঠিত হয় এবং বিংশ শতাব্দীর সবচেয়ে প্রয়োজনীয় আবিষ্কারগুলোর একটি হিসেবে বিবেচিত হয়। চন্দ্রশেখরের সীমার চেয়ে বেশি ভরের তারাগুলোর ভবিষ্যৎ কী? এ প্রশ্নের উত্তর সেদিন পাওয়া না গেলেও আজ আমরা সবাই জানি যে এরা 'নিউট্রন স্টার' কিংবা 'ব্ল্যাকহোল'—এ রূপান্তরিত হয়।

এডিংটনের কারণে ইংল্যান্ডের কোনো বিশ্ববিদ্যালয়ে চাকরি পাওয়ার সম্ভাবনা শূন্য হয়ে গিয়েছিল চন্দ্রশেখরের। ১৯৩৫ সালে তিনি পাড়ি দিলেন যুক্তরাষ্ট্রে। চার মাস কাজ করলেন হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে। এরপর যোগ দিলেন শিকাগো বিশ্ববিদ্যালয়ে। ১৯৪২ সালে অ্যাসোসিয়েট প্রফেসর এবং ১৯৪৪ সালে ফুল প্রফেসর হন চন্দ্রশেখর। ১৯৫২ সালে 'মরটন ডি হাল ডিস্টিংগুইসড সার্ভিস প্রফেসর' হন। ১৯৮৫ সালে অবসর গ্রহণের পরও ইমেরিটাস প্রফেসর হিসেবে আমৃত্যু শিকাগো বিশ্ববিদ্যালয়েই ছিলেন চন্দ্রশেখর। ৪৮ বছরের শিক্ষকতা জীবনে ৫১ জন গবেষক পিএইচডি ডিগ্রি পান চন্দ্রশেখরের তত্ত্বাবধানে। ১৯৯৫ সালের ২১ আগস্ট চন্দ্রশেখর মারা যান।

# ভারতের ক্রমবর্ধমান নব্য-মধ্যবিত্ত শ্রেণী দেশের আকাঙ্ক্ষার পাওয়ার হাউস : প্রধানমন্ত্রী



গান্ধীনগর, ২৮ জুলাই (হি.স.): ভারতের ক্রমবর্ধমান নব্য-মধ্যবিত্ত শ্রেণী দেশের আকাঙ্ক্ষার পাওয়ার হাউস। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, 'দেশে চিপ-মেকিং ইকোসিস্টেম গড়ে তুলতে হবে আমাদের। আমি নিশ্চিত যে কেউ এই বিষয়ে কাজ করবে সে দ্রুত "ফার্স্ট মুভার সুবিধা" পাবে।' শুক্রবার গুজরাটের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে সেমিকনইন্ডিয়া ২০২৩-এর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই অনুষ্ঠানে তিনি বলেছেন, 'একবিংশ শতাব্দীর ভারতে আপনাদের জন্য প্রচুর সুযোগ রয়েছে। ভারতের গণতন্ত্র, ভারতের জনসংখ্যা এবং ভারত থেকে লভ্যাংশ আপনাদের ব্যবসাকে দ্বিগুণ, তিনগুণ করতে পারে।' মোদীর কথায়, 'আমরা ভারতের ডিজিটাল সেক্টর এবং ইলেকট্রনিক ম্যানুফ্যাকচারিংয়ে তাৎপর্যপূর্ণ বৃদ্ধি দেখছি। কয়েক বছর আগে ভারত এই সেক্টরে একটি ক্রমবর্ধমান খেলোয়াড় ছিল এবং এখন বৈশ্বিক ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিংয়ে আমাদের শেয়ার কয়েকগুণ বেড়েছে।'

প্রধানমন্ত্রীর কথায়, '২০১৪ সালে ভারতের ইলেকট্রনিক্স উৎপাদনের মূল্য ছিল ৩০ বিলিয়ন ডলারের কম। মাত্র দুই বছরে ভারতের ইলেকট্রনিক্স রফতানি দ্বিগুণ হয়েছে। ভারতে তৈরি মোবাইল ফোনের রফতানি দ্বিগুণ হয়েছে। যে দেশ একসময় মোবাইল ফোনের আমদানিকারক ছিল সেই দেশ এখন বিশ্বের পণ্য তৈরি করছে। সেরা মোবাইল ফোন এবং সেগুলি রপ্তানি করা।' প্রধানমন্ত্রী বলেছেন, 'এই ইভেন্টটি সফওয়্যার আপডেট করার প্রয়োজনীয়তার মতোই। সেমিকনইন্ডিয়া ২০২৩-এর মাধ্যমে, শিল্প, বিশেষজ্ঞ এবং নীতিনির্ধারকদের সঙ্গে সম্পর্ক আপডেট হতে থাকে। আমি এটাও মনে করি যে সম্পর্কের সমন্বয়ের জন্য এটি অপরিহার্য।'

## বার্সাকে চ্যাম্পিয়ন্স লিগে খেলার জন্য অস্থায়ী ছাড়পত্র দিল উয়েফা

সুইজারল্যান্ড, ২৮ জুলাই (হি.স.): গত মার্চে স্পেনের রেফারি কমিটির প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট হোসে মারিয়া এনরিকেস নেগরেইরাকে বার্সেলোনার অর্থ দেওয়ার অভিযোগে এনে বার্সার বিরুদ্ধে মামলা করেছিল স্পেনের পাবলিক প্রসিকিউটর অফিস। পরবর্তীতে বার্সেলোনার একটি আদালত মামলা হাতে নেয়।

উল্লেখ্য স্পেনের রেফারিদের টেকনিক্যাল কমিটির ভাইস প্রেসিডেন্ট ছিলেন নেগরেইরা। ২০০১ থেকে ২০১৮ সালের মধ্যে নেগরেইরারের কোম্পানি 'ডিএএসএনআইএল নাইন্টি ফাইভ'-কে বার্সার পক্ষ থেকে ৭৩ লাখ ইউরো দেওয়ার অভিযোগ উঠেছে। এনিয়ে পরে আনুষ্ঠানিক তদন্ত শুরু করে ইউরোপিয়ান ফুটবলের নিয়ন্তা সংস্থা উয়েফাও। উয়েফা বৃহস্পতিবার রাতে এক বিবৃতিতে জানিয়েছে, আসন্ন ইউরোপিয়ান ক্লাব প্রতিযোগিতায় খেলার জন্য অস্থায়ীভাবে বার্সাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। উয়েফা প্রতিযোগিতায় ক্লাবটির অন্তর্ভুক্তি কিংবা বাদ দেওয়ার ব্যাপারটা নিয়ে ভবিষ্যতে আলোচনা হবে বলেও জানিয়ে দিয়েছে উয়েফা।

## আত্মনির্ভর ভারতে সেমিকন্ডাক্টর শিল্পের বিকাশ অতীব গুরুত্বপূর্ণ : অশ্বিনী বৈষ্ণব



গান্ধীনগর, ২৮ জুলাই (হি.স.): প্রতিটি সেক্টরের প্রয়োজন সেমিকন্ডাক্টর, আর সেই কারণেই আত্মনির্ভর ভারতে সেমিকন্ডাক্টর শিল্পের বিকাশ করা অতীব গুরুত্বপূর্ণ। এমনটাই বললেন কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। শুক্রবার সকালের গুজরাটের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে সেমিকনইন্ডিয়া ২০২৩-এর উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী একের পর এক সেক্টরের সংস্কার করেছেন।

এরই ফলস্বরূপবর্তমানে ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি হিসাবে স্থান পেয়েছে। সরকারের তৃতীয় মেয়াদে, প্রধানমন্ত্রী মোদীর দৃষ্টিভঙ্গি এবং নীতি ভারতকে বিশ্বের শীর্ষ তিনটি অর্থনীতিতে যোগদান করবে।'

কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আরও বলেছেন, 'প্রধানমন্ত্রীর আমেরিকা সফরের সময়, তিনটি বড় সেমিকন্ডাক্টর চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। প্রথমটি হল মাইক্রোন প্রযুক্তি... দ্বিতীয়টি প্রয়োগ করা উপকরণ, তৃতীয় ল্যাম গবেষণা, এটি সেমিভার্স প্ল্যাটফর্মে ৬০ হাজার ইঞ্জিনিয়ারদের প্রশিক্ষণ দেবে।'

## স্লোগান ও হইচইয়ে উত্তাল সংসদ; দিনের মতো মুলতুবি রাজ্যসভায়, লোকসভার কাজও পন্ড

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): মণিপুর ইস্যুতে "ইন্ডিয়া" জোটের হইহট্টগোলে শুক্রবারও উত্তাল হল সংসদের উভয়কক্ষ। বিরোধীদের স্লোগান ও হইচইয়ে এদিনও রাজ্যসভা ও লোকসভার কাজ পন্ড হয়েছে। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় ও তৃণমূল কংগ্রেস সাংসদ ডেরেক ও"ব্রায়েনের মধ্যে এদিন বিতর্কের সাক্ষী থেকেছে উচ্চকক্ষ, এরপর দিনের মতো রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেন চেয়ারম্যান জগদীপ ধনখড়। লোকসভাতেও এদিন মণিপুর ইস্যুতে স্লোগান দিতে থাকেন বিরোধী সাংসদরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিবৃতির দাবিতে সরব হন বিরোধী সাংসদরা। হইহট্টগোলের মধ্যেই লোকসভার অধিবেশন দুপুর বারোটা পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়। লোকসভায় এদিন অনাস্থা প্রস্তাব নিয়ে অবিলম্বে আলোচনার দাবি জানান বিরোধীরা। প্রসঙ্গত, মণিপুর ইস্যুতে প্রধানমন্ত্রীর বিবৃতির দাবি জানিয়ে শুক্রবার সকালে সংসদের বাইরেও বিক্ষোভ দেখান "ইন্ডিয়া" জোটের সদস্যরা। পাশাপাশি নিজেদের মধ্যে কৌশল ঠিক করতে রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গের ঘরে বৈঠকও করেন সমমনোভাবাপন্ন বিরোধীরা।

## বৃষ্টিতে বেহাল অবস্থা মুম্বই-সহ মহারাষ্ট্রে, গুজরাটেও জনজীবন বিপর্যস্ত



মুম্বই ও আহমেদাবাদ, ২৮ জুলাই (হি.স.): বৃষ্টি থামছেই না মহারাষ্ট্র ও গুজরাটে। এই দুই রাজ্যের বিভিন্ন জেলায় বৃষ্টিতে স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। মুম্বইয়ে শুক্রবার সকালেও ভারী বৃষ্টি হয়েছে, বৃষ্টিতে ভিজেছে রত্নাগিরি, রায়গড়, সিন্ধুদুর্গ-সহ মহারাষ্ট্রের বিভিন্ন জেলা। আবার গুজরাটের নভসারি, জুনাগড় প্রভৃতি জেলায় বৃষ্টির দুর্যোগ চলছে।

অবিরাম বৃষ্টিপাতের ফলে মহারাষ্ট্রের নান্দেদের বেশ কিছু অংশে জল জমে গিয়েছে, ফলে সাধারণ মানুষ অসুবিধার সম্মুখীন হচ্ছেন। এইরকম অবস্থা মহারাষ্ট্রের থানে জেলাতেও। একটানা ভারী বর্ষণে মহারাষ্ট্রের ওয়াদালার বেশ কিছু জায়গাতেও জল জমে গিয়েছে। অন্যদিকে, বৃহস্পতিবার রাত থেকে অবিরাম বৃষ্টির কারণে গুজরাটের নাভসারিতে ভয়াবহ জলাবদ্ধতার পরিস্থিতি দেখা দিয়েছে। জেলাশাসক অমিত প্রকাশ যাদব শহরের সমস্ত স্কুল ও কলেজে ছুটির নির্দেশ দিয়েছেন।

## ফের তাপমাত্রার পারদ নামল তিলোত্তমায়, সপ্তাহান্তে বৃষ্টি বাড়তে পারে দক্ষিণবঙ্গে

কলকাতা, ২৮ জুলাই (হি.স.): মহানগরীতে ফের কিছুটা কমল তাপমাত্রার পারদ। শুক্রবার সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। দক্ষিণবঙ্গে শনিবার থেকে বাড়তে পারে বৃষ্টি, ওড়িশা ও উপকূল সংলগ্ন জেলায় কিছুটা ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার ও সোমবার বিক্ষিপ্ত ভারী বৃষ্টির সম্ভাবনা সবথেকে বেশি। বাকি জেলায় আংশিক মেঘলা থাকবে আকাশ। বজ্রবিদ্যুৎ-সহ হালকা মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বাতাসে জলীয় বাষ্প বেশি থাকায় আর্দতাজনিত অস্বস্তিও বজায় হবে। দক্ষিণবঙ্গে এবার বৃষ্টির ঘাটতি মিটছেই না, সপ্তাহন্তের বিক্ষিপ্ত ভারী বৃষ্টি কতটা ঘাটতি মেটায় সেদিকেই নজর আবহাওয়াবিদদের। শুক্রবার সকাল থেকেই কলকাতা ও সংলগ্ন জেলার আকাশ ছিল আংশিক মেঘলা। বৃষ্টি হলেও জলীয় বাষ্পের কারণে আর্দতাজনিত অস্বস্তি বজায় ছিল। উত্তরবঙ্গে জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলায় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে উত্তরবঙ্গের প্রায় সব জেলাতে। দার্জিলিং জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার এই তিন জেলায় অপেক্ষাকৃত বেশি বৃষ্টির সম্ভাবনা।

## জাপান সত্যিকার অর্থেই ভারতে বিপ্লবের সূচনা করেছে : এস জয়শঙ্কর



নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): আধুনিকীকরণ ভারতে জাপান একটি স্বাভাবিক অংশীদারিত্ব, জাপান সত্যিকার অর্থেই ভারতে বিপ্লবের সূচনা করেছে। বললেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। শুক্রবার সকালে দিল্লিতে ভারত-জাপান ফোরামের উদ্বোধনী অধিবেশনে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন, 'ভারতের কাছে জাপান আসলে কী বোঝায়? জাপান অনেক দিক দিয়েই অনুকরণীয়, আধুনিকায়নকারী। জাপান প্রাসঙ্গিকতার একটি উদাহরণ...এটি এমন একটি দেশ যার জন্য ইতিহাসে অনেক সদিচ্ছা রয়েছে। বর্তমানে প্রধানমন্ত্রী মোদীর অধীনে আমাদেরও দারুণ আধুনিকায়ন হয়েছে। একটি স্বনির্ভর ভারত। এই আধুনিকীকরণ ভারতে জাপান একটি স্বাভাবিক অংশীদারিত্ব। জাপান সত্যিকার অর্থেই ভারতে বিপ্লবের সূচনা করেছে। সুজুকি বিপ্লব! দ্বিতীয় বিপ্লব ছিল মেট্রো বিপ্লব। তৃতীয় বিপ্লব হল উচ্চ-গতির রেল তৈরিতে অবদান। চতুর্থ বিপ্লব হল সমালোচনামূলক এবং উদীয়মান প্রযুক্তি এবং সেমি-কন্ডাক্টর।'

ভারত-জাপান ফোরামের উদ্বোধনী অধিবেশনে জাপানের বিদেশমন্ত্রী ইয়োশিমাসা হায়াশি বলেছেন, 'আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক প্রসারিত করার জন্য, জনগণের মধ্যে বিনিময়ের প্রচার গুরুত্বপূর্ণ। আমাদের প্রধানমন্ত্রীরা বিনিময়কে আরও উন্নীত করতে সম্মত হয়েছেন। এই বছর ২০২৩-কে আমরা জাপান-ভারত পর্যটন বছর বিনিময় হিসাবে নামকরণ করেছি। ভারত রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের অবিচ্ছেদ্য অংশীদার যেখানে আমরা জি৪-এ কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে যাচ্ছি।'

## ভারী বৃষ্টিতে আবারও ধস হিমাচল ও উত্তরাখণ্ডে, অবরুদ্ধ হয়ে পড়ল গঙ্গোত্রী ও যমুনোত্রী সড়ক

শিমলা ও দেহরাদূন, ২৮ জুলাই (হি.স.): বর্ষার বৃষ্টির দুর্যোগ অব্যাহত পাহাড়ি রাজ্যে। ভারী বৃষ্টিতে আবারও ধস নামল হিমাচল ও উত্তরাখণ্ডে। উত্তরাখণ্ডের ধারাসুতে পাহাড় থেকে পাথর গড়িয়ে আসার কারণে গঙ্গোত্রী এবং যমুনোত্রী জাতীয় সড়কে যান চলাচল বন্ধ রয়েছে। এছাড়াও ডাবরকোট-সহ বেশ কয়েকটি জায়গায় ভূমিধসের কারণে অবরুদ্ধ হয়ে পড়েছে যমুনোত্রী সড়ক। শুক্রবার সকালে উত্তরাখণ্ডের কয়েকটি এলাকায় ধস নামে।ধস নেমেছে হিমাচল প্রদেশেও। সেখানেও অবরুদ্ধ হয়ে পড়েছে জাতীয় সড়ক। উত্তরাখণ্ডে ধস প্রসঙ্গে উত্তরকাশী জেলা বিপর্যয় মোকাবিলা দফতরের এক আধিকারিক জানিয়েছেন, জেলার বিভিন্ন এলাকায় ধস নামায় এবং রাস্তার উপর ধ্বংসস্তূপ এসে পড়ায় শুক্রবার সকালে অবরুদ্ধ হয়ে পড়েছে গঙ্গোত্রী এবং যমুনোত্রী জাতীয় সড়ক। গত কয়েক দিনে বৃষ্টিতে ধসের কারণে বেশ কয়েক বার অবরুদ্ধ হয়ে পড়েছে এই দুই জাতীয় সড়ক।

## ২৯ জুলাই মোহনবাগান দিবস, দুক্কদিন ধরে সবুজ-মেরুন তাঁবুতে বসবে চাঁদের হাট

কলকাতা, ২৮ জুলাই (হি.স.): আগামীকাল ২৯ জুলাই, মোহনবাগান দিবস। এই উপলক্ষে ক্লাব তাঁবুতে হবে জমজমাট অনুষ্ঠান। প্রতিবছরই এক দিনের হতো এই অনুষ্ঠান। এবার সেই অনুষ্ঠান একদিনের নয়, হবে দু'দিন ধরে। অর্থাৎ, ২৯ ও ৩০ জুলাই। ২৯ জুলাই দুপুর ১২:৩০ মিনিট থেকে শুরু হবে প্রাক্তন ফুটবলারদের প্রদর্শনী ফুটবল ম্যাচ। দুপুর ৩:৩০ মিনিটে সুব্রত ভট্টাচার্য্যের আত্মজীবনী "ষোলো আনা বাবলু" আত্মপ্রকাশ করবে।


গত কয়েক বছরের মতো এবছরও মোহনবাগান দিবসের মূল অনুষ্ঠান মঞ্চে উপস্থিত থাকবেন "অমর একাদশ"-এর সদস্যদের উত্তরসূরিরা। আর ৩০ জুলাই বিকেল ৫টা থেকে ৬টা পর্যন্ত সঙ্গীত পরিবেশন করবেন নামী শিল্পীরা। সন্ধ্যা ৬:৩০ থেকে ৭:৪৫ পর্যন্ত হবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। রাত ৮:০০টা থেকে আছে আরো একটি সঙ্গীত অনুষ্ঠান। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করবেন বাবুল সুপ্রিয়।

## শনিবার মণিপুরে যাচ্ছে "ইন্ডিয়া" জোট, রবি কিশান বললেন তাঁদের পাকিস্তান ও চিনেও যাওয়া উচিত

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): বিরোধীদের 'ইন্ডিয়া' জোট মণিপুরে যাচ্ছে শনিবার, ২৯ জুলাই। দু'দিনের এই সফরে ২৬ দলের প্রতিনিধিরা কথা বলবেন সব পক্ষের সঙ্গে। বিরোধীদের এই মণিপুর সফরকে কটাক্ষ করলেন বিজেপি সাংসদ রবি কিশান। শুক্রবার সংসদ চত্বরে রবি কিশান বলেছেন, 'তাঁরা (বিরোধীরা) যেখানে খুশি সেখানেই যেতে পারেনা, তাঁদের পাকিস্তান, শ্রীলঙ্কা ও চিনেও যাওয়া উচিত।'

প্রসঙ্গত, হিংসায় উত্তপ্ত মণিপুরের বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখতে সে রাজ্যে যাচ্ছেন বিরোধী জোট 'ইন্ডিয়া'র একটি প্রতিনিধিদল। শনিবার মণিপুরে পৌঁছবেন প্রতিনিধিদলের সদস্যেরা। রবিবার পর্যন্ত সেই রাজ্যে থেকে প্রায় সব

## আফ্রিকার দরিদ্রতম ৬ দেশে বিনামূলে গম দেবে রাশিয়া, ঘোষণা পুতিনের



মস্কো, ২৮ জুলাই (হি.স.) : আফ্রিকার দরিদ্রতম ছয়টি দেশে বিনামূল্যে গম দেবে রাশিয়া। বৃহস্পতিবার সেন্ট পিটার্সবার্গে আফ্রিকার দেশগুলোর জোট আফ্রিকান ইউনিয়নের (এইউ) নেতাদের সঙ্গে বৈঠক শেষে এই ঘোষণা করলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

দেশগুলো হলো- বুরকিনা ফাসো, জিম্বাবুয়ে, মালি, সোমালি, সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক ও ইরিত্রিয়া। এইউ নেতাদের সঙ্গে বৈঠক শেষে রুশ প্রেসিডেন্ট বলেন, আগামী তিন-চার মাসে এই ছয়টি দেশের প্রত্যেককে ২৫ হাজার থেকে ৫০ হাজার টন পর্যন্ত গম পাঠানো হবে। আর এতে যা খরচ হবে, তার সবটুকুই দেবে রাশিয়া। পুতিন বলেন, আন্তর্জাতিক বাজারে ২০ শতাংশ গম রাশিয়া থেকে সরবরাহ হয়। অন্যদিকে, ইউক্রেন থেকে আসে মাত্র ৫ শতাংশ। গত বছর শস্যচুক্তি করার সময় আমরা শর্ত দিয়েছিলাম, পশ্চিমী দেশগুলো যেন আমাদের কৃষি, খাদ্যপণ্য ও সারের ওপর দেওয়া নিষেধাজ্ঞাগুলো প্রত্যাহার করে নেয়। চুক্তির অন্যান্য অংশীদাররা আমাদের এ শর্তে রাজিও হয়েছিল।'তবে আমরা দেখলাম, এই চুক্তিকে তারা সম্পূর্ণ বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করেছে ও ইউক্রেনের গমের সবগুলো চালান গেছে ইউরোপে। আফ্রিকা ও বিশ্বের অন্যান্য দরিদ্র দেশ সেই গমের ভাগ পায়নি। আমাদের কৃষিপণ্য ও সারের ওপর যেসব নিষেধাজ্ঞা পশ্চিমা বিশ্ব দিয়েছিল, সেগুলোও প্রত্যাহার করা হয়নি।' তিনি আরও বলেন, আবার আমরা যখন বললাম যে দরিদ্রতম দেশগুলোকে সহায়তা হিসেবে বিনামূল্যে গম ও সার পাঠাতে চাই, সেখানেও তারা বাধা দিতে শুরু করলো। ইউরোপের বিভিন্ন বন্দরে দিনের পর দিন আমাদের ২ লাখ ৬২ হাজার টনেরও বেশি গম আটকা পড়ে ছিল।

'শস্য চুক্তির পর আমরা ইউরোপের বিভিন্ন বন্দর থেকে মাত্র ৪৪ হাজার টন সার নিয়ে এসে আফ্রিকার দেশ মালাউইকে ২০ হাজার টন ও কেনিয়াকে ৩৪ টন সার বিনামূল্যে দিতে পেরেছি। বাকি সব সার ইউরোপের বিভিন্ন দেশ লুট করে নিয়েছে।

প্রসঙ্গত, গত বছরের আগস্টে রাষ্ট্রসংঘ ও তুরস্কের মধ্যস্থতায় ইউক্রেনের সঙ্গে শস্যচুক্তি সই করেছিল রাশিয়া। কিন্তু প্রতিশ্রুত শর্ত না মানার অভিযোগে সম্প্রতি চুক্তি থেকে বেরিয়ে আসে রাশিয়া। এর পরপরই বিশ্ব বাজারে গম ও ভুট্টার দাম বাড়তে থাকে।

## বিরোধীদের থেকে গঠনমূলক পরামর্শ নিতে প্রস্তুত সরকার প্রহ্লাদ জোশী

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): বিরোধীদের থেকে গঠনমূলক পরামর্শ নিতে প্রস্তুত সরকার। জানালেন সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী। একইসঙ্গে তিনি বলেছেন, 'তাঁরা যদি চান সত্য (মণিপুরের বিষয়ে) বেরিয়ে আসুক, তাহলে সংসদের চেয়ে ভালো ফ্লোর আর নেই।' শুক্রবার সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, 'তাঁরা (বিরোধীরা) শান্তিপূর্ণভাবে আলোচনায় অংশ নিচ্ছেন না এবং সংসদে কোনও বিল পাস করতে সহযোগিতা করছেন না। আমরা তাঁদের কাছ থেকে গঠনমূলক পরামর্শ নিতে প্রস্তুত, কিন্তু হঠাৎ করেই তাঁরা অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছে।'

সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী আরও বলেছেন, 'আমরা অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনা করব, যখন প্রয়োজন হবে। যেহেতু আমাদের কাছে সংখ্যা আছে, আমাদের কোনও সমস্যা নেই। তাঁরা যদি চান সত্য (মণিপুরের বিষয়ে) বেরিয়ে আসুক, তাহলে সংসদের চেয়ে ভালো ফ্লোর আর নেই।' এদিকে, মণিপুর ইস্যুতে প্রধানমন্ত্রীর বিবৃতির দাবি জানিয়ে শুক্রবার সকালেও

## ভারতে ওঠানামা করছে কোভিড-সংক্রমণ; ২৪ ঘন্টায় সুস্থ ৪৯ জন, মৃত্যু থেমেই গিয়েছে

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের খানিকটা বাড়ল, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫২ জন। বৃহস্পতিবার সারাদিনে ভারতে করোনায় কারও মৃত্যু হয়নি, এই সময়ে ৪৯ জন সুস্থ হয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১,৪৫৫-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৫।

## সিগন্যাল ক্রটিতে ট্রেন বিভ্রাট শিয়ালদহ-বনগাঁ শাখায়, ভোগান্তিতে যাত্রীরা

কলকাতা, ২৮ জুলাই (হি.স.): সিগন্যাল ক্রটিতে শিয়ালদহ-বনগাঁ শাখায় বিঘ্নিত হল ট্রেন পরিষেবা। চরম ভোগান্তিতে পড়লেন যাত্রীরা। শুক্রবার ভোর সাড়ে ৫টা নাগাদ বারাসতে পয়েন্ট সিগন্যাল খারাপের জন্য বনগাঁ-শিয়ালদহ লাইনে আপ এবং ডাউন ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। বনগাঁ থেকে শিয়ালদহগামী দ্বিতীয় ট্রেন বামনগাছি স্টেশনে এসে দাঁড়িয়ে যায়। বাতিল হয় আরও বেশ কয়েকটি ট্রেন। ৭টা নাগাদ আবার ট্রেন চলাচল শুরু হয়। তবে সব ট্রেনই দেরিতে চলতে থাকে। বেশ কয়েকটি ট্রেন বাতিল হওয়ায় সমস্যায় পড়েন নিত্যযাত্রীরা। এদিকে, এই ট্রেন বিভ্রাটের মধ্যেই বামনগাছি স্টেশনে দাঁড়িয়ে থাকা ট্রেনের চালককে গালাগালি এবং মারধরের চেষ্টা করার অভিযোগ ওঠে এক যুবকের বিরুদ্ধে। কিন্তু ট্রেনের অন্য যাত্রীরা পাল্টা ওই যুবককেই মারধর করেন বলে স্থানীয় সূত্রে খবর।

# আগামী সপ্তাহে উচ্চ আদালতে শুনানী হবে কালীঘাটের কাকুর আরজির

কলকাতা, ২৮ জুলাই (হি. স.) : অন্তর্বর্তী জামিন চান সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে কালীঘাটের কাকু।

সেই সঙ্গে এসএসকেএম হাসপাতালে নয়, চিকিৎসা করাতে চান বেসরকারি হাসপাতালে।

নিম্ন আদালতের এ ব্যাপারে দুই নির্দেশের বিরুদ্ধে এই আরজি গৃহিত হল শুক্রবার। মামলা দায়েরের অনুমতি দিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। আগামী সপ্তাহে শুনানির সম্ভাবনা।

নিম্ন আদালতের নির্দেশকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ সুজয়কৃষ্ণ। গতকাল বৃহস্পতিবার নিম্ন আদালত নির্দেশ দিয়েছিল চিকিৎসা করাতে হবে এসএসকেএম। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে বেসরকারি হাসপাতালে চিকিৎসা এবং অন্তর্বর্তী জামিনের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ সুজয়কৃষ্ণ।

কালীঘাটের কাকুর দাবি, তিনি হার্টের অসুখে ভুগছেন। ধমনীতে তিনটি 'ব্লকেজ'ধরা পড়েছে। বাইপাস সার্জারির প্রয়োজন রয়েছে। কিন্তু তাঁকে তাঁর পছন্দের হাসপাতালে চিকিৎসা করানোর সুযোগ দেওয়া হচ্ছে না। একটি বেসরকারি হাসপাতালে অস্ত্রোপচারের অনুমতির জন্য অন্তর্বর্তী জামিন চেয়ে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে আর্জি জানালেন তিনি। মামলা তালিকাভুক্ত হওয়ার পর আগামী সপ্তাহে এর শুনানির সম্ভাবনা রয়েছে।

বেসরকারি হাসপাতালে অস্ত্রোপচারের অনুমতির জন্য বৃহস্পতিবারই নিম্ন আদালতে জামিনের আবেদন করেছিলেন। তাঁর আর্জি খারিজ করে দেন বিচারক। সুজয়কৃষ্ণের আইনজীবী গতকাল আদালতে মেডিক্যাল রিপোর্ট পেশ করেন।

আইনজীবী জানান, তাঁর মক্কেল ২০১১ সাল থেকে হার্টের সমস্যায় ভুগছেন। তাঁর হার্টের যে ধরনের অপারেশন প্রয়োজন, সেটির সাফল্যের হার খুবই কম। সুজয়কৃষ্ণের হার্টের সমস্যা রয়েছে। তাঁর আইনজীবী সেলিম রহমান জানিয়েছেন, সুজয়কৃষ্ণের ধমনীতে তিনটি 'ব্লকেজ' ধরা পড়েছে।

'বাইপাস সার্জারি' করা হতে পারে তাঁর। শারীরিক অসুস্থতার কথা জানিয়ে নিয়োগ মামলায় জামিন জানান ইডির হাতে ধৃত জেল হেফাজতে থাকা সুজয়কৃষ্ণ।

আদালতে পাল্টা ইডির আইনজীবী বলেন, এসএসকেএমের উপর ভরসা রাখতে পারছেন না? এসএসকেএমের চিকিৎসা ব্যবস্থার উপর মুখ্যমন্ত্রী ভরসা রাখেন। নিজের কোনও সমস্যা হলে তিনি চিকিৎসা করাতে এসএসকেএমকে যান। সুজয়কৃষ্ণ যদি অপরেশন করতে চান তাহলে তো এসএসকেএমকেই করা ভালো।

ইডি-র দাবি, ১৬ দিন তিনি প্যারোলে মুক্ত ছিলেন। তখন তাঁর হার্টের কিছু হয়নি। রাজনৈতিক চাপে বিভিন্ন সময় সরকারি হাসপাতাল সাজানো রিপোর্ট তৈরি করে। তা নিয়ে কলকাতা হাইকোর্টের পর্যবেক্ষণও রয়েছে। জামিনের আবেদন খারিজ করার আর্জি জানান ইডির আইনজীবী।

## সাফাই কর্মীদের অবরোধ, আন্দোলন আসানসোলে

আসানসোল, ২৮ জুলাই (হি. স.) : বৃহস্পতিবারই আসানসোল পৌরনিগমের সমস্ত অস্থায়ী কর্মচারীদের বেতন বৃদ্ধি করা হয়েছে। সাফাই কর্মীদের ক্ষেত্রে মাত্র আট টাকা তাঁদের বেতন বৃদ্ধি হয়েছে। তবে তা পছন্দ হয়নি সাফাই কর্মীদের।

সেই কারণে সঠিক বেতন বৃদ্ধির দাবিতে শুক্রবার সকাল থেকে কাজ বন্ধ রেখে আসানসোল পৌরনিগম ঘেরাও, পথ অবরোধ ও বিক্ষোভে শামিল হন আসানসোল পৌরনিগমের সাফাইকর্মীরা। এর ফলে গোটা পৌরনিগম এলাকায় শুক্রবার সকাল থেকে কোনও আবর্জনা সাফাই হয়নি।

বৃহস্পতিবার আসানসোল পৌরনিগমের বোর্ড মিটিং ছিল। আর সেই বৈঠকে পৌরনিগমের অস্থায়ী কর্মীদের বেতন বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়। বেতন বৃদ্ধি হয়েছে কাউন্সিলরদেরও। বৃহস্পতিবার দেখা যায়, বিভিন্ন কাউন্সিলর মিষ্টিমুখ করাচ্ছেন একে-অন্যকে। তাঁরা মেয়র, চেয়ারম্যান, ডেপুটি মেয়রদেরও মিষ্টিমুখ করান।

বৃহস্পতিবারের পরিস্থিতি সুখকর হলেও শুক্রবার সকাল থেকেই পরিস্থিতি বিগড়ে যায়। আসানসোল পৌরনিগমের সমস্ত সাফাই কর্মী আন্দোলনে নেমে পড়েন। তাঁদের দাবি, সঠিক অর্থে তাঁদের বেতন বৃদ্ধি হয়নি। সাফাই কর্মীরা দাবি করেন, তাঁরা মাত্র ৮ হাজার ২৪২ টাকা বেতন পান। এই বেতন দৈনিক ৬০০ টাকা হারে তাঁদের দিতে হবে।

সাফাইকর্মীদের অবরোধ আসানসোলে পৌরনিগমে এসে পৌঁছেছেন মেয়র বিধান উপাধ্যায়, চেয়ারম্যান অমরনাথ চট্টোপাধ্যায়, মেয়র পরিষদ গুরুদাস চট্টোপাধ্যায়-সহ অন্যান্যরা। তাঁরা বারবার সাফাই কর্মীদের বোঝানোর চেষ্টা করছেন। এমনকী আসানসোল দক্ষিণ থানার পুলিশ আধিকারিকরাও সাফাই কর্মীদের বোঝানোর চেষ্টা করেছেন। কিন্তু তাঁরা অনড়। বেতন বৃদ্ধি না হলে আন্দোলন থেকে সরে দাঁড়াবেন না বলে তাঁরা স্পষ্ট জানিয়েছেন।

# দামেস্কে শিয়া মাজারের কাছে বোমা বিস্ফোরণে নিহত ৬, আহত ২০ জনেরও বেশি



দামেস্ক, ২৮ জুলাই (হি.স.) : সিরিয়ায় শিয়া মাজারের কাছে বোমা বিস্ফোরণে অন্তত ছয়জন নিহত। বৃহস্পতিবার সিরিয়ার রাজধানী দামেস্কের দক্ষিণে একটি শিয়া মাজারের কাছে এই বোমা বিস্ফোরণের ঘটনায় আহত ২০ জনেরও বেশি। বিস্ফোরণস্থলের কাছাকাছি মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর নাতনি ও ইমাম আলীর কন্যা সাইয়েদা জয়নাবের কবর রয়েছে।

বৃহস্পতিবার সিরিয়া স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, সিরিয়ার সবচেয়ে বেশি পরিদর্শন করা শিয়া তীর্থস্থান সাইয়েদা জয়নাবের মাজার। এর কাছেই একটি ট্যাক্সির পাশে মোটরসাইকেলে বিস্ফোরণটি ঘটে। এটিকে 'সন্ত্রাসী বোমা হামলা' বলে অভিহিত করেছে মন্ত্রণালয়।

এর আগে সিরিয়ার রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে যে, অজ্ঞাতব্যক্তিরা আগেই ট্যাক্সিতে একটি বোমা রেখে দেয়। সেখান থেকেই বিস্ফোরণটি হয়। বোমা বিস্ফোরণে অন্তত ছয়জন নিহত হয়েছে। এই বোমা বিস্ফোরণের ঘটনায় আহত হয়েছেন ২০ জনেরও বেশি।

## উত্তর প্রদেশের উন্নাও-এ ভয়াবহ দুর্ঘটনা, প্রাণ হারালেন একই পরিবারের ৪ জন

উন্নাও, ২৮ জুলাই (হি.স.) : উত্তর প্রদেশের উন্নাও জেলায় ভয়াবহ দুর্ঘটনায় প্রাণ হারালেন একই পরিবারের ৪ জন সদস্য। অ্যাম্বুলেন্সে ছিলেন পরিবারের ৪ জন সদস্য, অ্যাম্বুলেন্সে পরিবারের এক সদস্যদের দেহ নিয়ে ফিরছিলেন তাঁরা। শুক্রবার ভোররাতে একটি অজ্ঞাত গাড়ি তাঁদের অ্যাম্বুলেন্সে ধাক্কা মারলে ৪ জনের মৃত্যু হয়। পুলিশ মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে।

উন্নাও জেলার পূর্ব কোতোয়ালি থানার অন্তর্গত বিলেশ্বর মন্দিরের কাছে এই দুর্ঘটনাটি ঘটেছে। এই দুর্ঘটনায় পরিবারের অন্য একজন সদস্য গুরুতর আহত হয়েছেন। সার্কেল অফিসার (সিও) দীপক সিং বলেছেন, উন্নাও জেলার মৌরওয়ানের বাসিন্দা ধনীরাম সবিতা (৭৩) কানপুরের হ্যালেট হাসপাতালে মারা যান। তাঁর পরিবারের সদস্যরা একটি অ্যাম্বুলেন্সে করে মরদেহ বাড়িতে নিয়ে আসছিলেন। বাড়ি ফেরার পথে দুর্ঘটনাটি ঘটেছে।

## জমি নিয়ে বিবাদের জেরে ধারালো অস্ত্র দিয়ে খুন যুবককে, ধৃত ৬

গয়েরকাটা, ২৮ জুলাই (হি. স.) : জলপাইগুড়ির বানারহাট ব্লকের ধূপগুড়ি থানার অন্তর্গত আংরাভাসায় জমি নিয়ে বিবাদের জেরে ধারালো অস্ত্র দিয়ে খুন করা হল এক যুবককে। মৃতের নাম মেহতাব আলম (৩৮)। অস্ত্রের আঘাতে গুরুতর জখম হয়েছেন তাঁর স্ত্রী। তিনি জলপাইগুড়ি জেলা হাসপাতালে চিকিৎসাধীন। ভাড়াটে দুষ্কৃতীদের দিয়ে এই খুন করানো হয়েছে বলে অভিযোগ। ঘটনায় মূল অভিযুক্ত আফতাব হোসেন সহ ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার রাত ৩টে নাগাদ ঘটনাটি ঘটেছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ভাগ্নে আফতাব হোসেনের সঙ্গে বিহারের কোনও এক জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল মামা মেহতাব আলমের। আফতাব হোসেন কর্মসূত্রে দিল্লিতে থাকত। অভিযোগ, সেখান থেকেই তার পরিচিত লোকেদের নিয়ে এসে গভীর রাতে মেহতাব আলমের ওপর হামলা চালানো হয়। ধারালো অস্ত্র দিয়ে মেহতাব আলম এবং তাঁর স্ত্রীকে কোপানো হয় বলে অভিযোগ উঠেছে। ঘটনায় মৃত্যু হয় মেহতাব আলমের। অস্ত্রের আঘাতে গুরুতর জখম তাঁর স্ত্রীকে উদ্ধার করে প্রথমে ধূপগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে আসা হয়। সেখান থেকে পরে তাঁকে জলপাইগুড়ি জেলা হাসপাতালে রেফার করা হয়। ঘটনার পর এলাকায় আসেন জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) ওয়াংদেন ভুটিয়া, ডিএসপি ক্রাইম বিক্রমজিত লামা সহ অন্য পুলিশ আধিকারিকরা। এলাকায় মোতায়েন রয়েছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। পুলিশ জানিয়েছে, এই ঘটনায় ৬ জনকে গ্রেফতার করা হয়েছে। এরমধ্যে ২ জন মহিলা রয়েছে।

# নবায়নযোগ্য শক্তির ক্ষমতার ক্ষেত্রে ভারত বিশ্বের শীর্ষ পাঁচটি দেশের মধ্যে একটি : প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): নবায়নযোগ্য শক্তির ক্ষমতার ক্ষেত্রে ভারত বিশ্বের শীর্ষ পাঁচটি দেশের মধ্যে একটি। জোর দিয়ে একথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার সকালে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জি-২০ পরিবেশ ও জলবায়ু সুস্থায়ী মন্ত্রী পর্যায়ের বৈঠকে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, 'আমরা ২০৭০ সালের মধ্যে নেট শূন্য অর্জনের লক্ষ্যও স্থির করেছি। আমরা আমাদের জোটের মাধ্যমে আন্তর্জাতিক সৌর জোট, সিডিআরআই এবং শিল্প পরিবর্তনের জন্য নেতৃত্ব গোষ্ঠী-সহ আমাদের অংশীদারদের সাথে সহযোগিতা চালিয়ে যাচ্ছি। ভারত জীববৈচিত্র্য সংরক্ষণ, সুরক্ষা এবং সমৃদ্ধকরণে পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে ধারাবাহিকভাবে এগিয়ে রয়েছে।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'ভারত সম্প্রতি আমাদের ধরিত্রীতে ৭টি বড় বিড়াল সংরক্ষণের জন্য আন্তর্জাতিক বিগ ক্যাট অ্যালায়েন্স চালু করেছে। এটি আমাদের প্রজেক্ট টাইগারের ওপর ভিত্তিশীল, একটি অগ্রণী সংরক্ষণ উদ্যোগ। প্রজেক্ট টাইগারের ফলস্বরূপ, বিশ্বের ৭০ শতাংশ বাঘ ভারতে পাওয়া যায়। আমরা প্রজেক্ট লায়ন এবং প্রজেক্ট ডলফিনেও কাজ করছি।'

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৪ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল



নয়াদিল্লি, ২৭ জুলাই (হি.স.) : গত দুদিন ধরে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম স্থির। আজও ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৪ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৮০ ডলারের কাছাকাছি। এদিকে, শুক্রবারও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামেও কোনও পরিবর্তন করেনি। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, শুক্রবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

## মালদায় ঘটনার ন'দিন পর পুলিশ আধিকারিকদের একাংশের বিরুদ্ধে পদক্ষেপ

মালদা, ২৮ জুলাই (হি. স.) : মালদার বামনগোলার পাকুয়াহাটের ঘটনার ন'দিন পর শুক্রবার চার পুলিশ আধিকারিককে 'ক্লোজ' করা হল। পুলিশ সূত্রে খবর, চার জনের কর্তব্যে 'গাফিলতি' রয়েছে।

সূত্রের খবর, ক্লোজ করা হল আইসি জয়দীপ চক্রবর্তী, নালাগোলা পুলিশ ফাঁড়ির ওসি মৃণাল সরকার, পাকুয়াহাট পুলিশ ফাঁড়ির ওসি রাকেশ বিশ্বাস এবং এএসআই সঞ্জয় সরকারকে।

পাকুয়াহাটে চুরির অভিযোগে দুই মহিলাকে 'বিবস্ত্র' করে মারধরের ঘটনায় প্রশ্নের মুখে পড়েছে পুলিশের একাংশের ভূমিকা। দুই 'নির্যাতিতা'কে কেন গ্রেফতার করা হয়েছিল, তা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছিল। তার প্রেক্ষিতে গত বুধবার, ঘটনার পাঁচ দিন পর পাকুয়াহাট ফাঁড়ির ওসি রাকেশ বিশ্বাস-সহ বেশ কয়েক জনের বিরুদ্ধে বিচারবিভাগীয় তদন্তের নির্দেশ দেন জেলা পুলিশ সুপার প্রদীপকুমার যাদব।

গত শুক্রবার রাতে মালদার বামনগোলার পাকুয়াহাটে চোর সন্দেহে দুই মহিলাকে বিবস্ত্র করে গণপ্রহারের অভিযোগের ভিডিও নেটমাধ্যমে ভাইরাল হয়। স্থানীয় সূত্রে দাবি, বামনগোলার সাপ্তাহিক হাটে গিয়েছিলেন দুই মহিলা। দরাদরির সময় তাঁরা আনাজ বিক্রেতার টাকা ছিনিয়ে পালানোর চেষ্টা করেন বলে অভিযোগ। হাটের ব্যবসায়ীরা তাঁদের ধরে মারধর করেন।

সেই ঘটনা নিয়ে হইচই হতেই পুলিশ স্বতঃপ্রণোদিত মামলা রুজু করে পাঁচ জনকে গ্রেফতার করেছে। তার মধ্যে তিন জন মহিলাও রয়েছেন। বিরোধীদের অভিযোগ, দুই 'নির্যাতিতা'কেও পুলিশ গ্রেফতার করেছিল।

গণপ্রহারের ঘটনার ২৪ ঘণ্টা আগে বিজেপির আন্দোলনে বামনগোলার নালাগোলা ফাঁড়ি

# পশ্চিমবঙ্গে ডেঙ্গুতে মৃত্যু ৪ জনের, অসুস্থ ৩৫০০




কলকাতা, ২৮ জুলাই (হি. স.) : বর্ষার বৃষ্টিতে ডেঙ্গুতে আক্রান্ত গোটা পশ্চিমবঙ্গ। গোটা রাজ্যে বৃহস্পতিবার পর্যন্ত ৩৫০০ জন মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। শুক্রবার স্বাস্থ্য দফতর এইতথ্য জানিয়েছে।

জানা গেছে, এ পর্যন্ত চারজনের মৃত্যু হয়েছে। রোগীদের মধ্যে শিশু, বয়স্ক, মহিলা এবং সব বয়সের মানুষ রয়েছে। স্বাস্থ্য দফতরের একজন আধিকারিক জানান, বাংলাদেশের সীমান্তবর্তী এলাকায় সবচেয়ে খারাপ অবস্থা। এই এলাকাগুলি হল হীরাঘাটা, রানাঘাট, কৃষ্ণনগর, নদিয়ার আমডাঙ্গা এবং উত্তর ২৪পরগনার বসিরহাট। হুগলি, হাওড়াতেও বিপুল সংখ্যক মানুষ আক্রান্ত হয়েছেন।

রাজ্য স্বাস্থ্য পরিষেবার ডিরেক্টর সিদ্ধার্থ নিয়োগী বলেছেন, কলকাতা সহ সমস্ত জেলার সরকারি হাসপাতালগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে কোনও রোগীকে ডেঙ্গুর লক্ষণ সহ রেফার করবেন না, অবিলম্বে তাদের ভর্তি করে চিকিতা শুরু করুন। উল্লেখ্য, একদিন আগেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দাবি করেছিলেন, পশ্চিমবঙ্গে ডেঙ্গুর সংক্রমণ বাংলাদেশ থেকে ছড়াচ্ছে।

## চার বিজয়ী প্রার্থী 'মধ্যরাতে অপহৃত', আঙুল শাসকদলের দিকে

দক্ষিণ ২৪ পরগণা, ২৮ জুলাই (হি. স.) : কলকাতার অতিথিশালা থেকে বিজেপির তিন জয়ী প্রার্থী এবং জয়ী বাম সমর্থিত এক নির্দল প্রার্থীকে অপহরণের অভিযোগ উঠল শাসক তৃণমূলের বিরুদ্ধে। অভিযোগ, চার জনকে আগ্নেয়াস্ত্র দেখিয়ে অপহরণ করা হয়।

এই ঘটনায় পঞ্চসায়র থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন সিপিএমের বর্ষীয়ান নেতা কান্তি গঙ্গোপাধ্যায়। এই অভিযোগ অস্বীকার করেছে শাসকদল। তাদের বক্তব্য, বিরোধীরা নিজেদের প্রার্থীদের ধরে রাখতে পারছে না। তাই তৃণমূলের বিরুদ্ধে অপহরণের অসত্য অভিযোগ তোলা হচ্ছে।

সিপিএমের অভিযোগ, বৃহস্পতিবার রাতে পঞ্চসায়র থানার এলাকার একটি বেসরকারি হাসপাতালের কাছে অতিথিশালা থেকে চার জয়ী প্রার্থীকে অপহরণ করেছে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। তার একটি সিসিটিভি ফুটেজও প্রকাশ্যে এসেছে।

কান্তিবাবুর অভিযোগ, মথুরাপুর ব্লকের কৃষ্ণচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠনের জন্য বিরোধীদের উপর চাপ সৃষ্টি করছিল তৃণমূল। শাসকদলের শাসানি, হুমকিতে মাথা নত না করে মঙ্গলবার রাতে পঞ্চসায়রের অতিথিশালায় আশ্রয় নেন শাসকদলের বিরোধী জয়ী প্রার্থীরা। সেখান থেকেই তাঁদের আগ্নেয়াস্ত্র দেখিয়ে অপহরণ করা হয়েছে। সিপিএম নেতার কথায়, "বন্দুক দেখিয়ে ওঁদের অপহরণ করা হয়েছে। থানায় অভিযোগ দায়ের করেছি।"

কৃষ্ণচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের মোট আসন ১৫টি। এই পঞ্চায়েত ভোটে সেখানে তৃণমূল জেতে চারটি আসনে। সিপিএম পায় তিনটি এবং বিজেপি ছ'টি।

## হেমন্ত সোরেন সরকারকে তোপ বাবুলালের, বললেন ঝাড়খণ্ডের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হচ্ছে

রাঁচি, ২৮ জুলাই (হি.স.): ঝাড়খণ্ডের হেমন্ত সোরেন সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন ঝাড়খণ্ডে বিজেপির রাজ্য সভাপতি বাবুলাল মারান্ডি। হেমন্ত সোরেন সরকারের বিরুদ্ধে তোপ দেগে বাবুলাল বলেছেন, ঝাড়খণ্ডের আইন-শৃঙ্খলা পরিস্থিতির ক্রমেই অবনতি হচ্ছে। তিনি দাবি করেছেন, ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন পুলিশকে হাতিয়ার হিসেবে ব্যবহার করছেন।

শুক্রবার রাঁচিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ঝাড়খণ্ডে বিজেপির রাজ্য সভাপতি বাবুলাল মারান্ডি বলেছেন, 'ঝাড়খণ্ডে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ক্রমাগত অবনতি হচ্ছে এবং আমি শুরু থেকেই তা বলে আসছি...ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন পুলিশকে হাতিয়ার হিসাবে ব্যবহার করছেন...যাদের অপরাধীদের ধরার কথা ছিল তারা "ভসুলি"-তে জড়িত।

## রামনবমীর অশান্তির তদন্তে এনআইএ ঠেকাতে মরিয়া রাজ্য

কলকাতা, ২৮ জুলাই (হি. স.) : রামনবমীর অশান্তির তদন্তে এনআইএ ঠেকাতে মরিয়া সরকার। সুপ্রিম কোর্টে আর্জি খারিজ হওয়ার পরও ফের কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হল রাজ্য।

নতুন করে এনআইএ তদন্তের বিরোধিতা করে ফের কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চে গেল রাজ্য। সুপ্রিমকোর্টে রাজ্যের এন.আই.এ বিরোধিতা সংক্রান্ত আবেদন খারিজ হওয়ার পরেও বিচারপতি সব্যসাচী ভট্টাচার্যর এজলাসে এবার ফের একই আবেদন নিয়ে মামলা দায়ের করেছে রাজ্য। আগামী সোমবার এই মামলার শুনানি রয়েছে। ইতিমধ্যে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে এই তদন্ত চালানোর ক্ষেত্রে রাজ্যের বিরুদ্ধে অসহযোগিতার আবেদন করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

## অভিষেক-রুজিরার বিরুদ্ধে লুকআউট সার্কুলার প্রত্যাহার

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি. স.) : সুপ্রিম কোর্টে বড়সড় স্বস্তি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। অভিষেক-রুজিরার বিরুদ্ধে লুকআউট সার্কুলার প্রত্যাহার করতে ইডি-কে নির্দেশ সুপ্রিম কোর্টের।

বিদেশ যাওয়ার এক সপ্তাহ আগে ইডি-কে জানালেই হবে, বলল সুপ্রিম কোর্ট। এর আগে আদালতকে ইডি জানায় যে, ২৬ জুলাই থেকে ২০ অগাস্ট পর্যন্ত বিদেশ যেতে তাঁরা অভিষেককে অনুমতি দিয়েছেন।

প্রসঙ্গত, গত সোমবার এই সংক্রান্ত মামলার শুনানিতে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আটকানো উচিত হবে না বলে ইডিকে জানিয়েছিল সুপ্রিম কোর্ট। এর পাশাপাশি অভিষেক-পত্নী রুজিরা নারুলা বন্দ্যোপাধ্যায়কে বিদেশে যেতে বাধা দেওয়া হয়েছে কেন, তা ইডির কাছে জানতে চেয়েছিল শীর্ষ আদালত।

## আফগানিস্তানে এক সপ্তাহে বন্যায় ৪৭ জনের মৃত্যু হয়েছে

কাবুল, ২৮ জুলাই (হি. স.) : আফগানিস্তানে প্রবল বৃষ্টিতে নদী-নালার জলস্তর বেড়ে বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। গত এক সপ্তাহে বন্যায় অন্তত ৪৭ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও ৭৪ জন। বন্যার জলে ভেসে গেছে ৪১ জন। তালেবান নেতৃত্বাধীন প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের মুখপাত্র শফিউল্লাহ রহিমি এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, সাম্প্রতিক বন্যায় ময়দান ওয়ারদাক, কাবুল, কুনার, পাকিতা, খোস্ত, নুরিস্তান, নানগারহার, গজনি, পাকতিকা ও হেলমান্দে প্রাণহানির ঘটনা ঘটেছে। প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রাদেশিক পরিচালক ফয়জুল্লাহ জালালি স্তানিকজাইয়ের মতে, ওয়ার্দাক প্রদেশে সবচেয়ে বেশি ৩২ জন মারা গেছে। ৫০০ ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া মারা গেছে ২৫০টি গবাদিপশুও।

# বিশ্ব হেপাটাইটিস দিবস পালিত রাজ্যেও




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** আজ বিশ্ব হেপাটাইটিস দিবস।এই উপলক্ষে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা ও অ্যাসোসিয়েশন অব ফিজিশিয়ানস অফ ইন্ডিয়া রাজ্য শাখার যৌথ উদ্যোগে আগরতলা রবীন্দ্রভবনের এক নং হলে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। দুপুর দুটোয় অনুষ্ঠিত হযেছে হেপাটাইটিস এডভোকেসি প্রোগ্রাম। এই অনুষ্ঠানে ছাত্র-ছাত্রী ও লিভার রোগীদের হেপাটাইটিস রোগ প্রতিরোধ ও চিকিৎসা বিষয়ে সচেতন করা হয। অনুষ্ঠানে আলোচনা করেন ইন্ডিয়ান কলেজ অব ফিজিশিয়ানস -এর ডিন এবং এ পি আই এর জাতীয় সভাপতি ডা প্রফেসর জ্যোতির্ময় পাল, হেপাটাইটিস ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি ডা প্রফেসর প্রদীপ ভৌমিক ও ডা প্রফেসর বিডি গোস্বামী। সন্ধ্যায় মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন খাদ্য পরিবহন ও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি বলেন২০৩০ সালের মধ্যে হেপাটাইটিস মুক্ত ত্রিপুরা গড়তে হলে সংঘবদ্ধ ভাবে প্রয়াস নিতে হবে।তবে লক্ষ্যে পৌঁছানো সম্ভব। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের অন্যতম প্রতিষ্ঠাতা প্রাক্তন বিধায়ক ডা দিলীপ কুমার দাস, আইসিপির ডিন ডাক্তার প্রফেসর জ্যোতির্ময় পাল, টিএমসির প্রিন্সিপাল ও এ পি আই এর রাজ্য চেয়ারম্যান ডা অরিন্দম দও প্রমুখ।এছাড়া বিশ্ব হেপাটাইটিস দিবসে পশ্চিম জেলা স্বাস দপ্তরের অধীন মধ্য প্রতাপগড় উপস্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আজ রাম ঠাকুর সংঘ এলাকায় এক সচেতনতা মূলক রেলি বের হয়। এই রেলিতে অংশগ্রহণ করেন আশা কর্মী সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা।

## মানিক সরকারের

● প্রথম পাতার পর

করেন না, দলকে দল বলে মনে করেন না। যেভাবে কাশ্মীর শেষ করেছে সেভাবেই মনিপুর শেষ করার চেষ্টা করছে। এবং তাদের দৌলতে গুজরাটেও দাঙ্গা হয়েছিল। মানুষ সব দেখছে। ছেড়ে দেবে না দেশবাসী বললেন তিনি। এবং এদিনের আয়োজিত হলসভায় পলিটব্যুরোর সদস্য বলেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ গঠনের লক্ষ্যে ঐক্যবদ্ধ আন্দোলনের ডাক দিয়েছিল উপজাতি গণমুক্তি পরিষদ। সেই ইতিহাসকে বিকৃত করে বর্তমানে তরুণ প্রজন্মকে বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে। আর এই বিভ্রান্ত করার প্রয়াস শুরু হয়েছিল ষাটের দশকের মাঝামাঝি সময় থেকে। উপজাতি গণমুক্তি পরিষদের এই আন্দোলনকে পেছন থেকে ছুরি মারার গভীর ষড়যন্ত্র করা হয়েছিল। করা হয়েছিল বিশ্বাসঘাতকতা। এর জন্য রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার প্রকাশ্য দায়ী করলেন কংগ্রেসকে। তিনি বলেন কংগ্রেস উপজাতিদের দুই নম্বর তিন নম্বর নাগরিক হিসেবে মনে করতো। উপজাতি এবং অপজাতিদের মধ্যে বিভেদ সৃষ্টি করেছিল কংগ্রেস। ১৯৬৭ সালে গঠন করা হয়েছিল উপজাতি যুব সমিতি। কংগ্রেস ছিল এর মস্তিষ্কপ্রসূত। রাজবাড়ীতে বসে পরামর্শ করে উপজাতি যুব সমিতি গঠন করা হয়েছিল। এই কনভেনশনে দিন বক্তব্য রাখেন সিপিআইএম -এর রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, এডিসি -র প্রাক্তন মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা, প্রাক্তন মন্ত্রী অঘোর দেববর্মা প্রমুখ।

# গ্রামীণ এলাকার মানুষের রোজগার বৃদ্ধি করতে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রের বিকাশে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।**রাজ্যের আর্থিক বিকাশের লক্ষ্যে ক'ষি, উদ্যানপালন, মৎস্যচাষ ও প্রাণীসম্পদ বিকাশের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এসমস্ত ক্ষেত্রের উন্নয়ন কর্মসূচিগুলিতে সিপাহীজলা জেলার প্রান্তিক জনপদগুলির মানুষকে আরও বেশী করে যুক্ত করতে হবে। আজ বিশ্রামগং' সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তার কার্যালয়ের কনফারেন্স হলে জেলার উন্নয়ন কর্মসূচি নিয়ে এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী ক'ষির বিকাশে সিপাহীজলা জেলায় জলসেচের সুযোগ সুনিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। মুখ্যমন্ত্রী বলেন, জেলার ক'ষি জমিগুলিকে স্থায়ীভাবে জলসেচের আওতায় নিয়ে আসতে হবে। জলসেচের ক্ষেত্রে যেসমস্ত সমস্যা রয়েছে তার সমাধানে একটি কর্মপরিকল্পনা তৈরী করতে তিনি ক'ষি ও ক'ষক কল্যাণ দপ্তর এবং জলসম্পদ দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, গ্রামীণ এলাকার মানুষের রোজগার বৃদ্ধি করতে সরকার ক'ষি ও ক'ষি সংশ্লিষ্ট ক্ষেত্রের বিকাশে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। এই ক্ষেত্রগুলিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অনেক উন্নয়ন প্রকল্প রয়েছে। এই প্রকল্পগুলি যথাযথভাবে রূপায়ণ করতে হবে।

পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী সিপাহীজলা জেলায় কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্প জলজীবন মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা, প্রধানমন্ত্রী ক'ষি সিঁ'ই যোজনার মত প্রকল্পগুলির সঠিক বাস্তবায়ণের উপর গুরুত্ব আরোপ করেন। মুখ্যমন্ত্রী বলেন, এসমস্ত কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা প্রক'ত সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে হবে। পর্যালোচনা সভায় রাজ্য সরকারের ২০টি দপ্তরের উন্নয়ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা করা হয়। পর্যালোচনা সভায় সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মণ, বিধায়ক অন্তরা সরকার দেব, বিধায়ক সুশান্ত দেব এবং সংশ্লিষ্ট দপ্তরগুলির প্রধান সচিব, সচিব, অধিকর্তা ও জেলাস্তরের অফিসারগণ উপস্থিত ছিলেন। সভায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে স্বাস্থ্য পরিষেবা ও গুণগত শিক্ষার সম্পসারণে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। স্বাস্থ্য পরিষেবা ও গুণগত শিক্ষা সম্পসারণে উন্নত পরিকাঠামো গড়ে তুলতে সিপাহীজলা জেলাকেও গুরুত্ব দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, সম্পতি সোনামুড়া মহকুমায় ডেঙ্গর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। স্বাস্থ্য দপ্তরকে ইতিমধ্যেই সমগ্র জেলায় বিশেষ সতর্কতা অবলম্বন ও আগাম ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। শুধু সিপাহীজলা জেলা নয় সমগ্র রাজ্যেই ডেঙ্গ প্রতিরোধে স্বাস্থ্য দপ্তরকে দ্রত ব্যবস্থা নিতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

পর্যালোচনা সভায় বিধায়ক কিশোর বর্মণ, বিধায়ক অন্তরা সরকার দেব ও বিধায়ক সুশান্ত দেব সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন নিয়ে আলোচনা করেন। সভায় সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার জেলার বিভিন্ন ব্লকের এমজিএন রেগা, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ, স্বচ্ছ ভারত মিশন ও জলজীবন মিশনের সামগ্রিক চিত্র তুলে ধরেন। তাছাড়াও সভায় পুলিশ সুপার জে রেং- নেশামুক্ত ত্রিপুরা অভিযানে সিপাহীজলা জেলার সাফল্যের চিত্র তুলে ধরেন।

# উদয়পুরে গোমতী জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ-২০২২-২৩ অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৮ জুলাই।।** গতকাল দুদিন ব্যাপী গোমতী জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ-২০২২-২০২৩ অনুষ্ঠানের শুভ সূচনা হয় গোমতী জেলা সদর উদয়পুরের রাজর্ষি কলা ক্ষেত্রে। গোমতী জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ-২০২২-২০২৩ মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে শুভ সূচনা করেন অনুষ্ঠানের উদ্বোধক তথা প্রধান অতিথি রাজ্যের অর্থ মন্ত্রী প্রনজিৎ সিংহ রায়। অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক পাঠান লাল জমাতিয়া, গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক সুমিত লোধ,উদয়পুর পুরপরিষদের পুরপিতা শীতল চন্দ্র মজুমদার , আই পি এস সুস্মিকা আর, আই এ এস শ্রেয়া শ্রী, চাইল্ড প্রটেক্সান কর্মী শর্মিলা চৌধূরী সহ অন্যান্য ব্যক্তি বর্গ। সভায় সভাপতিত্ব করেন গোমতী জেলা ভারপ্রাপ্ত শিক্ষা আধিকারিক জৈন ভিক্টর রিয়াং। অনষ্ঠানে গতবছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গোমতী জেলার সর্বোচ্চ নাম্বার প্রাপক কিশোরীদের হাতে শংসাপত্র ও মেমেন্টো তুলে দেওয়া হয়। এই শংসাপত্র ও মেমেন্টো পেয়েছেন উদয়পুর চন্দ্রপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মৌমিতা রায়( ৪৬৯), গর্জনমুড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্বর্ণালি মজুমদার (৪৬৪), পালাটানা মাধ্যমিক বিদ্যালয়ের অনামিকা ভৌমিক (৪৬৩) এবং বিশেষ ভাবে সক্ষম শিক্ষার্থী দের মধ্যে অমরপুর ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের (দৃষ্টি শক্তি কম) ২০২২ সালের মাধ্যমিক পরীক্ষায় (৪৫৪)পেয়ে প্রথম স্থান অধিকার করায় শংসাপত্র ও মেমেন্টো তুলে দেওয়াহয়। এই অনুষ্ঠানে সঙ্গীত, তবলা,আবৃত্তি ও যোগাসন প্রদর্শন করেন যথাক্রমে কিশোরী তৃষা দাস, মেঘবর্ণা নন্দী, তৃষা পাল ও উদয়পুর ব্রিলিয়ান্টস্টারসস্কুলের অন্বেষা সরকার।প্রথম দিনের অনুষ্ঠান শেষে পঞ্চাশ জন কিশোরীকে

বিজ্ঞান বিষয়ে হাতে নাতে অভিজ্ঞতা অর্জনের জন্য উদয়পুর সাইন্স সিটিতে নিয়ে যাওয়া হয়। আজ দ্বিতীয় দিন গোমতী জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ-২০২২-২০২৩ উপস্থিত ছিলেন ডাক্তার উদয়ন মজুমদার ড্রাগস এবিউস সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন , ডাক্তার রুপালি ভৌমিক বয় সন্ধিক্ষণের বিষয়ে আলোচনা করেন, রবীন্দ্র সংগীত শিল্পী তিথি দেববর্মণ কিশোরীদের নিজের সম্পর্কে জেনে সমাজে প্রতিষ্ঠিত হওয়ার উপর গুরত্ব আরোপ করেন , অমরপুর বীরগনের বিধায়ক রনজিৎ দাস , কাকড়াবন-শালগড়া বিধানসভা কেন্দ্রের বিধায়ক জিতেন্দ্র মজুমদার, টি সি এস অফিসার রিংকু রিয়াং ,উদয়পুর পুরপরিষদের পুরপিতা শীতল চন্দ্র মজুমদার সহ অন্যান্য ব্যক্তি বর্গ কিশোরীদের সমাজে প্রতিষ্ঠিত হওয়ার জন্য সরকারি সুযোগ সুবিধা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। দুদিনের গোমতী জেলা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ-২০২২-২০২৩ - এ মঞ্চে বিভিন্ন বিষয়ে বিশেষ করে মহিলা স্বশক্তি করণের উপর বক্তারা আলোচনা করেন এবং এ বিষয়ে জোড়ালো বক্তব্য রাখেন। পরবর্তীতে রাজর্ষি কলা ক্ষেত্রের মঞ্চে বিভিন্ন স্কুলের কিশোরীদের নিয়ে মহিলা স্বশক্তি করণের উপর গ্রুপ জিসকারসান অনুষ্ঠিত হয় ।আমন্ত্রিত অতিথিরা বিভিন্ন বিষয়ে পারদর্শী কিশোরদের হাতে শংসাপত্র ও মেমেন্টো তুলেদেন। এই দুই দিনের অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উদয়পুর ইংরেজি মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা মণিদীপা চৌধূরী।দুই দিনের এই অনুষ্ঠানে গোমতী জেলার বিভিন্ন স্কুল থেকে শিক্ষার্থী , অভিভাবক-অভিভাবিকা সহ শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি ছিলো লক্ষণীয়।

## অভিযোগ

● প্রথম পাতার পর

মধ্যেই গ্রামোন্নয়ন দপ্তরের উপরের মাথা থেকে নিচ পর্যন্ত জড়িত রয়েছে বলে অভিযোগ। দেখা যাচ্ছে অধিকাংশ কাজেই ঘোটালার অভিযোগ পাওয়া যাচ্ছে। স্থানীয় জনগণের অভিযোগ ২০২০ - ২০২১ আর্থিক বর্ষে ভান্ডারীমা ব্রীজ থেকে পুষ্পরামপাড়া বি এস এফ ক্যাম্প পর্যন্ত কাঞ্চনপুর গ্রামোন্নয়ন দপ্তর থেকেই সলিং রাস্তা এবং পাকা ড্রেন করা হয়েছিল।আর এই কাজটি করা হয় এক জন ইঞ্জিনিয়ারকে ইমপ্লিমেনটিং অফিসার বানিয়ে। এই কাজটি প্রায় দেড় কোটি টাকা বরাদ্দ করা হয়। অথচ দেখা যাচ্ছে মাত্র দেড় বৎসর যেতেই ঐ কাজের অস্থিত্ব নেই।কোথাও সলিং রাস্তার ইটের বর্তমানে অস্তিত্ব খোঁজে পাওয়া যাচ্ছে না। একই ভাবে অভিযোগ

চিপস এবং সিসি ব্লক দিয়ে যেসব রাস্তার কাজ হচ্ছে সেগুলি অত্যন্ত নিম্নমানের। পাশাপাশি অন্যান্য যে সকল মেটেলিয়ালস গুনগতমান বজায় রেখে ব্যাবহারের কথা সেগুলি তাও মান হয় না। ফলে এই সুযোগে কাজের সুপারভিশন করা হয় না।যার সুযোগে কাজ করছে ইমপ্লিমেনটিং অফিসার থেকে বিভিন্ন ঠিকাদার সংস্থা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# শান্তিরবাজারে আইসিআইসিআই ব্যাঙ্কের শাখা কার্য্যালয়ের উদ্বোধন

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৮ জুলাই।।** ব্যাঙ্কিং পরিষেবায় আরেকধাপ এগিয়ে গেলো শান্তির বাজার মহকুমা। লোকজনদের পরিষেবা প্রদানে ও লোকজনেরা যাতেকরে কোনোপ্রকার প্রতারনার স্বীকার হতেনাহয় তার উদ্দোশে শান্তির বাজার শহরের রামকৃষ্ণ আশ্রম সংলগ্ন এলাকায় আই সি আই সি আই ব্যাঙ্কের শাখা কার্যালয় স্থাপন করাহয়েছে। বিগত ৫ থেকে ৬ মাস পূর্বে গুটি গুটি পায়ে এই ব্যাঙ্কের বিভিন্ন পরিষেবার কাজ শুরুহলেও আজ আনুষ্ঠানিকভাবে এই শাখা কার্যালয়ের শুভ উদ্ভোধন করাহয়। প্রদীপ প্রজ্বলেন মাধ্যমে এই কার্যালয়ের শুভ উদ্ভোধন করলেন শান্তির বাজার বিধানসভা কেন্দ্রের বিধায়ক প্রমোদ রিয়াং। উদ্ভোধকের পাশাপাশি আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিন জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ, শান্তির বাজার মহকুমাশাসক অভেদানন্দ বৈদ্য , শান্তির বাজার পৌর পরিষদের চেয়ারম্যান সপ্নাবৈদ্য, রিজনাল হেড জয়দ্বীপ রায়, ব্রাঞ্চ ম্যানেজার পদ্মানভা মজুমদার, ডেপুটি ব্রাঞ্চ ম্যানেজার রত্ন জ্যোতি সেন সহ অন্যান্যরা। আজকের এই উদ্ভোধনী পর্বশেষে সংবাদমাধ্যমের সন্মুখিনহয়ে শান্তির বাজার মহকুমাশাসক অভেদানন্দ বৈদ্য এই ব্যঙ্কের বিভিন্ন পরিষেবা সম্পর্কে জানান। মহকুমা শাসক জানান এই ব্যাঙ্কথেকে সল্প সময়ের মধ্যে গোল্ড লোন পাওয়াযায়। এতেকরে লোকজনেরা নিজেদের প্রয়োজন মতো যেকোনো সময় নিজেদের গোল্ড জমারেখে লোন নিয়েযেতে পারবেন। অপরদিকে ব্যঙ্ক কতৃপক্ষ সংবাদমাধ্যমের সন্মুখিন হয়ে ব্যাঙ্কের বিভিন্ন পরিষেবা সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে কিছু বক্তব্য তুলেধরেন। তিনি জানান আই সি আই সি আই ব্যাঙ্ক সর্বদা লোকজনের উন্নয়নস্বার্থে কাজকরেযাবে।

## স্বাস্থ্যকর্মীরা

● প্রথম পাতার পর

হাসপাতাল থেকে বেরিয়ে আসে।

কিন্তু হাসপাতাল থেকে বেরিয়ে আসার পর সে পরে যায় ড্রেইনে। দীর্ঘ সময় সে ড্রেইনে পরে থাকলেও হাসপাতালের চিকিৎসক কিংবা স্বাস্থ্য কর্মী কেউই তাকে ড্রেইন থেকে তুলে নি। রঞ্জন কর্মকার হাসপাতালের পাশে ড্রেইনে পরে দীর্ঘ সময় কাতরাচ্ছিল। কিন্তু তাকে দেখার মতো কেউই ছিল না। পরবর্তী সময় রঞ্জন কর্মকারের চিৎকার শুনে মহকুমা হাসপাতালের সামনের রাস্তা দিয়ে পথ চলতি লোকজন ছুটে আসে।

তারাই রঞ্জন কর্মকারকে ড্রেইন থেকে তুলে সমতল জায়গায় নিয়ে আসে। পরে বিশালগড় মহকুমা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের উপর চাপ দেওয়া হলে তারা কাল বিলম্ব না করে রঞ্জন কর্মকারকে এম্বুলেন্সে করে জিবি হাসপাতালে রেফার করে দেয়। ঘটনাস্থলে উপস্থিত এক প্রত্যক্ষদর্শী বিশালগড় মহকুমা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীর ভূমিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। তিনি জানান পায়ের ব্যথায় রঞ্জন কর্মকার এক সাথে অনেক গুলি ব্যথার ট্যাবলেট খেয়ে নিয়েছে। হাসপাতালে চিকিৎসা পরিষেবা নিতে আসে রোগীর ঠাই হল ড্রেইনে, এটা অমানবিকতার চূড়ান্ত নিদর্শন ছাড়া আর কিছুই হতে পারে না।যেখানে এলাকার বিধায়ক এক দিন পূর্বে বার্তা দিয়েছেন হাসপাতালে আসা রোগীরা যেন সঠিক পরিষেবা পায়। সেখানে হাসপাতালে চিকিৎসা পরিষেবা নিতে আসা রোগীর ঠাই হল ড্রেইনে। এখন দেখার এলাকার বিধায়ক কি পদক্ষেপ গ্রহণ করেন। বুধবার বিধায়ক সুশান্ত দেব, মহকুমা শাসককে সাথে নিয়ে বিশালগড় মহকুমা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের নিয়ে রুদ্ধদ্বার বৈঠক করেন। সেই বৈঠকে বিধায়ক স্পষ্ট জানিয়ে দেন বিশালগড় মহকুমা হাসপাতালে চিকিৎসা পরিষেবা গ্রহণ করতে আসা রোগীরা যেন সঠিক পরিষেবা প্রায় তা সুনিশ্চিত করতে হবে। কোন ধরনের গাফিলতি বরদাস্ত করা হবে না। বিধায়কের এই বার্তার পরেও হুশ ফিরল না বিশালগড় মহকুমা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের। এইবার হাসপাতালে চিকিৎসা পরিষেবা গ্রহণ করতে আসা রোগীর ঠাই হল হাসপাতালের পাশে থাকা ড্রেইনে।

## বিদ্যুৎস্পৃষ্টে

● প্রথম পাতার পর

উদ্ধার করতে পারছিল না। কারণ সেই লাইনে তখনো বিদ্যুৎ সংযোগ রয়েছে কিনা সে বিষয়ে কেউই সঠিকভাবে বলতে পারছিল না। এই ঘটনাকে কেন্দ্র করে হরিনা নন্দীগ্রাম পঞ্চায়েত এলাকার জনগণ সঙ্ঘবদ্ধ হয়ে সাব্রুম আগরতলা ৮ নং জাতীয় সড়ক অবরোধ করে। বেসরকারি বিদ্যুৎ সরবরাহকারী সংস্থার দায়িত্ব জ্ঞান নিয়ে প্রশ্ন উঠেছে। তাদের দায়িত্ব জ্ঞান হীনতার কারণেই এ ধরনের ঘটনা ঘটে চলেছে বলে অনেকেই অভিযোগ করেছেন।

## মুক্ত শহর

● প্রথম পাতার পর

থেকে বুলডোজার দিয়ে বেশ কিছু সংখ্যক বেআইনিভাবে গজিয়ে ওঠা দোকানপাট গুঁড়িয়ে দেওয়া হয়েছে।তাঁর কথায়, আগরতলা শহরকে যানজটমুক্ত করার জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

# স্বাধীনতা সংগ্রামীদের স্বপ্ন আজ আমাদের দেশে বাস্তব রূপ নিচ্ছে : ক্রীড়ামন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** স্বাধীনতা সংগ্রামীদের স্বপ আজ আমাদের দেশে বাস্তব রূপ নিচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেত'ত্বে ভারত এখন এক বৈভবশালী দেশ হিসেবে গড়ে উঠছে। প্রধানমন্ত্রীর নির্দেশিত পথে আমাদের রাজ্য এখন পরিকাঠামো উন্নয়ন, গুণগত শিক্ষার প্রসার ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে অনেকটাই এগিয়ে গেছে। আজ শ্রীরামপুর সূর্যমণি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ঊনকোটি জেলাভিত্তিক '৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম' শীর্ষক অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় একথা বলেন। অনুষ্ঠানের উদ্বোধন করে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী আরও বলেন, দেশের স্বাধীনতা দিবসের ৭৫ বর্ষ পূর্তিকে মরণীয় করে রাখতে দেশজড়ে আজাদি কা অমৃত মহোৎসব পালন করা হচ্ছে। এই কর্মসূচিতেই আমাদের রাজ্যে দেশের স্বাধীনতা আন্দোলনের সাথে যুক্ত স্বাধীনতা সংগ্রামীদের মরণ করা হচ্ছে। এই লক্ষ্যেই রাজ্যে ৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম শীর্ষক এক কর্মসূচি নেওয়া হয়েছে। এজন্য রাজ্যের ৭৫টি সীমান্ত গ্রামকে চিহ্নিত করে এই কর্মসূচি পালন করা হচ্ছে। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী বলেন, স্বাধীনতার ৭৫ বছর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেত'ত্বে দেশ আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন নিয়েছে। অর্থনীতি ও প্রযুক্তি ক্ষেত্রে ভারত ক্রমশ এগিয়ে যাচ্ছে। আত্মনির্ভর হয়ে উঠছে আমাদের দেশ।

অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামী সতীশ চন্দ্র দাস বলেন, আমাদের দেশ নানা জাতি, নানা ধর্ম ও নানা ভাষার দেশ। কিন্তু আমরা সবাই ভারতবাসী। তাছাড়া বক্তব্য রাখেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি শ্যামল দাস। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক টি কে চাকমা। জেলাভিত্তিক এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দ দাস। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারি সভাধিপতি শ্যামল দাস, জেলাশাসক ও সমাহর্তা টি কে চাকমা, চণ্ডীপুর প'ায়েত সমিতির চেয়ারম্যান লাকি পাল দাস, কৈলাসহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়, শ্রীরামপুর গ্রাম প'ায়েতের প্রধান নারায়ণ পাল প্রমুখ। অনুষ্ঠানে মনো' সাংস্ক'তিক অনুষ্ঠান পরিবেশিত হয়। ৭৫ সীমান্ত গ্রাম ক্রান্তি বীরো কে নাম কর্মসূচিতে ঊনকোটি জেলার সীমান্ত সংলগ সমরুর পাড়, শ্রীরামপুর ও রাঙ্গাউটি প'ায়েতকে চিহ্নিত করা হয়েছিল। এই গ্রাম প'ায়েতগুলিতে ৭দিনব্যাপী সাংস্ক'তিক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাগুলিতে ৫৫০ জন প্রশিক্ষণার্থীকে নৃত্য, সংগীত, নাটক ও অঙ্কনে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে প্রবন্ধ প্রতিযোগিতা এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর থেকে বাইসাইকেল দৌড় প্রতিযোগিতা, ম্যারাথন দৌড় প্রতিযোগিতা, দড়ি টানাটানি প্রতিযোগিতার আয়োজন করা হয়। আজকের অনুষ্ঠানে এই সমস্ত প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্ক'ত করা হয়। তাছাড়াও এই সীমান্ত গ্রাম প'ায়েতগুলিতে প্রশাসনিক শিবিরের আয়োজন করা হয়। সীমান্ত এলাকার এই গ্রাম প'ায়েতগুলিতে জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নে বিভিন্ন দপ্তর থেকে কর্মসূচি নেওয়া হয়েছে। অনুষ্ঠানে অতিথিগণ ১৩টি স্বসহায়ক দলের সদস্যাদের হাতে মোট ২৯ লক্ষ ৫০ হাজার টাকার ঋণের চেক তুলে দেন। জেলাভিত্তিক এই অনুষ্ঠান উপলক্ষে শ্রীরামপুর সূর্যমণি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে ফুড ফেস্টিভেল ও বিভিন্ন দপ্তরের প্রদর্শনী মণ্ডপ খোলা হয়।

## ধনপুরে

● প্রথম পাতার পর

কিছু ডেঙ্গু আক্রান্ত রোগী হাসপাতলে ভর্তি থাকলেও বেশিরভাগের চিকিৎসা চলছে বাড়িঘরে। বিষয়টি নিয়ে সচেতনতা ও সাবধানতা অবলম্বন করার উপরই জোর দিয়েছেন জেলা স্বাস্থ্য আধিকারিক। রাজধানী থেকে চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের একটি দল পাঠানো হয়েছে সংশ্লিষ্ট এলাকায়। বাড়ি বাড়ি চলছে স্বাস্থ্য কর্মীদের খোঁজখবর ও সচেতনতার বার্তা ছড়িয়ে দেওয়ার কাজ। এদিকে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে বিভিন্ন হাসপাতাল গুলিতে ল্যাব টেকনিশিয়ানের সংকট থাকায় ডেঙ্গু আক্রান্ত এলাকাগুলিতে রক্ত সংগ্রহের জন্য বেসরকারি ল্যাব টেকনিশিয়ানদের কাজে লাগানো হচ্ছে। এনিও চাকরি প্রার্থী ল্যাব টেকনিশিয়ানদের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়েছে। তাদের অভিযোগ দীর্ঘদিন ধরেই হাসপাতাল গুলিতে ল্যাব টেকনিশিয়ান সংকট থাকা সত্ত্বেও সরকার নিয়োগের বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। যার ফলে এখন বেসরকারি সংস্থা থেকে ল্যাব টেকনিশিয়ান ধার করে নিয়ে যাচ্ছে স্বাস্থ্য দপ্তর।সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার ধনপুর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় ডেঙ্গুর প্রাদুর্ভাব দেখা দিয়েছে। গত প্রায় সপ্তাহখানেক যাবৎ অস্বাভাবিক ভাবে স্থানীয় হাসপাতালে বেড়ে গিয়েছিল জ্বরের রোগীর সংখ্যা। এরপর সন্দেহ হওয়ায় এন্টিজেন টেস্ট করানো হয় স্থানীয় ভাবে। আরো নিশ্চিত হওয়ার জন্য আগরতলার এ.জি.এম সি তে পাঠানো হয় সেম্পল। এরপর ডেঙ্গুর প্রভাবের বিষয়টি সামনে আসে। এই বিষয়টি আজ গুরুত্ব পেয়েছে সিপাহীজলা জেলা ভিত্তিক মুখ্যমন্ত্রীর প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে। বৈঠক শেষে জেলাশাসক ডক্টর বিশাল কুমার জানিয়েছেন বিষয়টি নিয়ে সক্রিয় নজরদারি চালানো হয়েছে। এখনো পর্যন্ত ধনপুরের ৬ টি গ্রামকে চিহ্নিত করা হয়েছে ডেঙ্গু প্রভাবিত হিসেবে। আজকের মুখ্যমন্ত্রীর বৈঠকে গুরুত্ব পেয়েছে বিষয়টি। যারা যারা ডেঙ্গু আক্রান্ত রোগীদের কাছাকাছি এসেছেন তাদেরকেও পরীক্ষা করার নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠক শেষে বেরিয়ে যাওয়ার সময় মুখ্যমন্ত্রী জানিয়েছেন ডেঙ্গু বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য বৈঠকে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের বলেছেন তিনি।

# মণিপুর কাণ্ডে ভারত জোড়ো অভিযান

কলকাতা, ২৮ জুলাই (হি. স.) : সম্প্রতি মণিপুরে দুই মহিলাকে বিবস্ত্র করে ঘোরানো এবং গণধর্ষণের ঘটনা-সহ চলমান জাতিদাঙ্গা নিয়ে ভারত জোড়ো অভিযান (পশ্চিমবঙ্গের) পক্ষ থেকে শুক্রবার বেলা ৩টে থেকে মণিপুর ভবনের সামনে বিক্ষোভ কর্মসূচি হয় ।উদ্যোক্তাদের তরফে এক প্রেস বিজ্ঞপ্তিতে দাবি করা হয়েছে, প্রায় ১০০ জনের এই জমায়েতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিলম্বিত প্রতিক্রিয়ার তীব্র নিন্দা করে ভারত জোড়ো অভিযান। সঙ্গে আওয়াজ তোলা হয় 'বিজেপি সরকার, আর নেই দরকার'।কেন্দ্রীয় সরকারের অপদার্থতার তীব্র নিন্দা জানিয়ে ভারত জোড়ো অভিযানের জাতীয় পরিষদ সদস্য বর্ণালী মুখোপাধ্যায় বলেন, 'এই মুহূর্তে মণিপুরের দাঙ্গা এবং তাকে কেন্দ্র করে হাঙ্গামা বাধানোর চেষ্টা নরেন্দ্র মোদী করছেন, তা এই মুহূর্তে আটকে গেলেও এর পর কী হবে আমরা জানি না। অতএব আজ ভারত জোড়ো অভিযান ও বিভিন্ন গণ সংগঠন রাস্তায় দাঁড়িয়ে মণিপুরের ডবল ইঞ্জিন সরকারের মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছে। মোদী এবং অমিত শাহকে হারাতে আমরা বদ্ধপরিকর'। এছাড়াও বিক্ষোভ কর্মসূচিতে বক্তব্য রাখেন স্বরাজ ইন্ডিয়া পশ্চিমবঙ্গের সাধারণ সম্পাদক রাম বচ্চন, পিডিএস নেতা সমীর পূততুণ্ড-সহ অন্যান্য গণসংগঠনের একাধিক নেতৃত্ব।'

# ভাইটাল ম্যাচে কল্যাণ সমিতিকে হারিয়ে খেতাবের দাবিদার ব্লাডমাউথ



## ব্লাড মাউথ: ৩ কল্যাণ সমিতি: ১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।। দুর্দান্ত জয় ব্লাড মাউথ ক্লাবের। ভাইটাল ম্যাচে গুরুত্বপূর্ণ জয় ছিনিয়ে ব্লাড মাউথ ক্লাব নিজেদের খেতাবের দাবিদার করে তুলেছে। এখন টক্কর নাইন বুলেটস এর বিরুদ্ধে। নাইন বুলেটস ও ব্লাড মাউথ সম সংখ্যক ম্যাচে সম সংখ্যক পয়েন্ট হলেও গোল ব্যবধানের নিরিখে নাইন বুলেটস কিছুটা এগিয়ে রয়েছে। নাইন বুলেটস-এর শেষ ম্যাচটি রয়েছে নবোদয় সংঘের বিরুদ্ধে। অপরদিকে ব্লাড মাউথ ক্লাবের শেষ ম্যাচটি রয়েছে ত্রিপুরা স্পোর্টস স্কুলের বিরুদ্ধে। আজ, শুক্রবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকেলে দিনের একমাত্র খেলায় ব্লাড মাউথ ক্লাব ৩-১ গোলের ব্যবধানে কল্যাণ সমিতিকে পরাজিত করেছে। খেলার প্রথমার্ধে বিজয়ী দল এক-শূন্য গোলে এগিয়ে ছিল। অমিত জমাতিয়ার প্রথম গোল খেলার ৩৩ মিনিটের মাথায়। দ্বিতীয়ার্ধেও অমিত জমাতিয়া আরও একটি গোল করে ব্যবধান বাড়িয়ে ২-০ করে নেয়। তিন মিনিট বাদে প্রীজম সনাথৈ মৈতি আরেকটি গোল করে ব্যবধান ৩-০ করে নেয়। পক্ষান্তরে কল্যাণ সমিতি গোল শোধ করে খেলায় সমতা ফিরিয়ে আনার লক্ষ্যে একাধিকবার চেষ্টা করলেও কার্যত সফল হয়নি। শেষ মুহূর্তে ৮৩ মিনিটের মাথায় লাল পেক তুলুঙ্গা একমাত্র গোলটি করে ব্যবধান কমিয়ে ১-৩ করে নেয়। খেলার দুই অর্ধে দুই দলের দুইজনকে রেফারী খেলায় অসদাচরনের দায়ে রেফারি হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি তাপস দেবনাথ, বিশ্বজিৎ দাস, বিপ্লব সিংহ ও আদিত্য দেববর্মা। দিনের খেলা: নবোদয় সংঘ বনাম ভারতরত্ন সংঘ, বিকেল চারটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

## আসন্ন নকআউট ফুটবল ঘিরে ফরোয়ার্ড ক্লাবের জোর প্রস্তুতি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।। উমাকান্ত মিনি স্টেডিয়ামে চলছে দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট। ৩০ জুলাই থেকে শুরু হবে মহিলাদের সুপার লিগ ফুটবল। বি ডিভিশন ফুটবল টুর্নামেন্ট শেষ হবার পরেই শুরু হবে রাখাল শিল্ড নক আউট ফুটবল টুর্নামেন্ট। আর এই নকআউট ফুটবল টুর্নামেন্টের পরেই শুরু প্রথম ডিভিশন সিনিয়র লীগ ফুটবল টুর্নামেন্টের আসর। তাই গুরুত্বপূর্ণ এই দুটি টুর্নামেন্টকে সামনে রেখে ইতিমধ্যেই অংশ নিতে যাওয়া সবকটি দল চূড়ান্ত প্রস্তুতিতে নেমে পড়েছে। প্রায় প্রতিদিনই চলছে এখন দলগুলির ফুটবলারদের জোরদার অনুশীলন। বৃহস্পতিবার এমনটাই দেখা গেল আগরতলা উমাকান্ত মিনি স্টেডিয়ামে। এদিন সকালে নকআউট ও সিনিয়র ফুটবল টুর্নামেন্টকে সামনে রেখে প্রশিক্ষক সুভাষ বোসের তত্ত্বাবধান দীর্ঘ সময় অনুশীলন করল রাজধানী আগরতলার ঐতিহ্যবাহী ক্লাব ফরওয়ার্ড এর ফুটবলাররা। গেল বছর নক আউটে রানার্স হয় ফরওয়ার্ড। এবছর তাদের টার্গেট নকআউটে চ্যাম্পিয়ন হওয়ার সহ দ্বি মুকুট অর্জন করা। আর সেই লক্ষ্যমাত্রা কে সামনে রেখেই দল গঠন করলো ক্লাব কর্মকর্তারা।

**Nrwave:- e-PT-01/ MAT/EE/RDMNP/PNIT/2023-24/ Dt.27/07/2023.**

The Executive Engineer, R D Mohanpur Division, Mohanpur, West Tripura invites e-tender (two bid) from eligible bidders up to 3.00 P.M of 10/08/2023 for procurement of 1* class bricks, pickets & bats. For details, visit website https,/tripuratenders.gov.in and contact at 0381 2343329. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C-1634/23

RD Mohanpur Division
Mohanpur, West Tripura.

**PNIe-T- 20/EE/RD/BSGD/SPJ/2023-24/ 1947 dt.26/07/2023**

The Executive Engineer, R.D. Bishramgan] Division, Bishramganj, Sepahijala District, Tripura invites on behalf of the 'Governor of Tripura' Percentage rate two bid system e-tender from the eligible Contractors/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/ MES /CPWD/Railway/OtherState PWD up to 3.00 P.M. on 23/08/2023 for Infrastructure Development of Sonamura English Medium School, Sepahijala District under RD Bishramgan] Division (2"4 Call).

Eligible bidders shall participate in bidding only in online through website https:// tripuratenders.gov.in. Pre-Bid Conference: Date: 16.08.2023 Time: 11.00 AM in the chamber of the Executive Engineer, RD Bishramganj Division. For any enquiry, please contact by e-mail to eerdbsg@gmail.com.

Executive Engineer
R.D. Bishramganj Division
Bishramganj, Sepahijala District, Tripura

ICA/C-1630/23

**SHORT NOTICE INVITING TENDER**

Quotations are hereby invited for hiring of Maruti Eeco, CNG (white colour) vehicle and driver for use in the office of the Collector of Excise, West Tripura District (details in e-tender portal). The tender will be received through e-tendering from 28" july 2023 at 02.00 PM to 17thAugust 2023 at 05.00 PM from the bidders and will be opened on 1st August 2023 at 11.30 AM, if possible. Details on website https://tripuratenders.gov.in and https:// westtripura.nic.in.

Superintendent of Excise
West Tripura District.

ICA/C-1625/23

**PRESS NOTICE INVITING e-TENDER (PNIT)**

On behalf of the Governor of Tripura, e-tender in Two Bid System is hereby invited from Manufacturers / Authorized Suppliers and Distributors for supply of Fishery Inputs Fish Feed Floating Pellet to the Supdt. of Fisheries, Jirania Sub-Division of the State of Tripura for implementation of different Pisciculture Schemes during the F.Y 2023-24, meeting the pre-qualifying criteria for the supply of below mentioned item through online bidding on the website https://tripuratenders.gov.in having Digital Signature Certificate (DSC) issued from any authorized by the Controller of Certifying Authority (CCA), Govt. of India and which can be traced up to the chain of trust to the Root Certificate of CCA.

| DNIT No. | Item for which e-tender is invited | Estimated quantity | Estimated value tender (Rs. in lakh) | Necessary date & Time |
|---|---|---|---|---|
| No.F.3(63)-SF(JRN)/e-TENDER/2023-24/1044 | Fish Feed Floating Pellet | 20.38 M.T | 6.76 lakh | Bidding Document can be downloaded from 27/07/2023 at 18 hours. Last date of online submission of e-tender upto : 18/08/2023 at 17.00 Hours (Time as per clock time of e-procurement website https://tripuratenders.gov.in) |

The detailed press notice & bid documents for the above can be seen on website https:// tripuratenders.gov.in

All the future modifications /corrigendum (if any) shall be made available in the e-procurement portal. So, bidders are requested to get the update themselves from the e-procurement web portal only.

(Dr. Samir Malla, THFS Gr-IV)
Superintendent of Fisheries
irania Sub-Division: West Tripura

ICA/C-1618/23

**Notice Inviting Request for Proposals**

Society For TRESP (under Tribal Welfare Department. Government of Tripura) invites Request for Proposals (RFP) for Hiring a HR Agency for project TRESP under Society for TRESP. TWD (Ref. No. IN-TWD-372409-CS-QCBS) through e-Procurement Portal of Government of Tripura (https: tripuratenders.gov.in) from reputed HR Agency/Firm having significant knowledge, expertise and institutional strengths in recruitment and selection of high quality professionals for development sector projects in connection with Tripura Rural Economic Growth and Service Delivery Project (TRESP). Detailed RFP notice and documents can be obtained from https://tripuratenders.gov.in. Last Date of submission of the Request for Proposals (RFP) : 30" August, 2023 at 15:00 hours (IST).

ICA/C-1611/23

(S. Prabhu, IFS)
PD, Society tor TRESP
(Director. Tribal Welfare)

# দেওধর ট্রফি : জয়ের হ্যাটট্রিক করে ফাইনালের লক্ষ্যে পূর্ব ও দক্ষিণাঞ্চল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।। টানা তিন ম্যাচে জয় পূর্বাঞ্চলের। প্রফেসর দেওধর ট্রফি ক্রিকেটে সুপার সিক্সের লড়াইয়ে জয়ের হ্যাট্রিক পূর্বাঞ্চলের। এর সুবাদে পূর্বাঞ্চল যথারীতি দেওধর ট্রফির ফাইনালে খেলার পথ প্রশস্ত করে নিয়েছে। খেতাবি লড়াইয়ে প্রতিপক্ষ কোন দল হবে তা নির্ভর করছে আগামী ৩০ জুলাই ও ১ আগস্ট দুদিনের দুই রাউন্ডের ছয়টি ম্যাচের ফলাফলের উপর। তবে দক্ষিণাঞ্চলও টানা তিন ম্যাচে জয় ছিনিয়ে ফাইনালের লক্ষ্যে এগিয়ে রয়েছে। আজ শুক্রবার পূর্বাঞ্চল ৮৮ রানের ব্যবধানে দুর্দান্ত জয় পেয়েছে উত্তরাঞ্চলের বিরুদ্ধে। ৫০ ওভার এর ডে ম্যাচের শুরুতে টস জিতে পূর্বাঞ্চল প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ৫০ ওভারে আট উইকেট হারিয়ে ৩৩৭ রান সংগ্রহ করে। দলের পক্ষে রিয়ান পরাগ সর্বাধিক ১৩১ রান পায়। রিয়ান ১০২ বল খেলে পাঁচটি বাউন্ডারি ও ১১ টি ওভার বাউন্ডারি হাকিয়ে ১৩১ রান সংগ্রহ করে। উইকেট রক্ষক কুমার কোষাগ্র দুর্দান্ত খেলে ৯৮ রানে প্যাভেলিয়নে ফিরে দুই রানের জন্য শতক হাতছাড়া করে। কোষাগ্র ৮৭ বল খেলে আটটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি মেরে ৯৮ রান পায়।

উত্তরাঞ্চলের ময়াঙ্ক যাদব ৬৩ রানে চারটি এবং হর্ষিত রানা ৫৪ রানে তিনটি উইকেট পায়। জবাবে ব্যাট করতে নেমে উত্তরাঞ্চল ৪৫.৩ ওভার খেলে ২৪৯ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে মন্দীপ সিং ৫০, অভিষেক শর্মা ৪৪, এইচ রানার ৪০ এবং জি রুহিল্লা ৪১ রান পেলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা সম্ভব হয়নি। পূর্বাঞ্চলের রিয়ান পরাগ ৫৭ রানের চারটি এবং সাহাবাজ ৪১ রানে তিনটি উইকেট পেয়েছে। ত্রিপুরার মনি শংকর আজ উইকেট পায়নি, তবে আগের দুটি ম্যাচে তার দুর্দান্ত বোলিংয়ে যথাক্রমে মধ্যাঞ্চলকে ছয় উইকেটে এবং উত্তর-পূর্বাঞ্চল কে আট উইকেটে পরাজিত করেছিল। আজ দিনের অপর খেলায় দক্ষিণাঞ্চল ৯ উইকেটের বড় ব্যবধানে উত্তর পূর্বাঞ্চলকে পরাজিত করেছে। এই জয়ের সুবাদে দক্ষিণাঞ্চলেরও জয়ের হ্যাটট্রিক হয়েছে এবং ফাইনালে খেলার পথ প্রশস্ত করে নিয়েছে।

# ত্রিপুরা স্পোর্টস স্কুলের প্রতিষ্ঠা দিবস ১ আগস্ট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।। চব্বিশতম প্রতিষ্ঠা দিবস ১ আগস্ট। ত্রিপুরা স্পোর্টস স্কুলের। ওই দিন বিকেল ৩টায় স্কুল প্রাঙ্গনি পালন করা হবে ওই দিবসটি। উপস্থিত থাকবেন ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়, বিধায়িকা মিনা রাণী সরকার, ক্রীড়া দপ্তরের সচিব পি কে চক্রবর্তী, পুরপরিষদের ৪৫ নং ওয়ার্ডের কর্পোরেটর অপু আড্য দত্ত। ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ, ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমং মগ এবং ডেপুটি মেয়র মনিকা দাস (দত্ত)। অনুষ্ঠানে গেলোবছর জাতীয় আসরে পদক জয়ী স্কুলের খেলোয়াড়দের সংবর্ধনা জানানো হবে। সহকরারি আধিকারিক শান্তনু সূত্রধর এক বিবৃতিতে এখবর জানিয়েছেন।

***বি-ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট***

| দল | ম্যা: | জ: | ড্র: | প: | গোল | প: |
|---|---|---|---|---|---|---|
| নাইন বুলেটস | ৬ | ৫ | ১ | ০ | ২৩-৪ | ১৬ |
| ব্লাডমাউথ | ৬ | ৫ | ১ | ০ | ১৬-৩ | ১৬ |
| কল্যাণ সমিতি | ৬ | ৪ | ০ | ২ | ১১-১১ | ১২ |
| পুলিশ | ৬ | ২ | ১ | ৩ | ৫-৯ | ৭ |
| মৌচাক | ৭ | ২ | ০ | ৫ | ১১-১৭ | ৬ |
| ভারতরত্ন | ৫ | ১ | ২ | ২ | ৩-৬ | ৫ |
| স্পোর্টস স্কুল | ৫ | ১ | ১ | ৩ | ৭-১১ | ৪ |
| নবোদয় | ৫ | ০ | ০ | ১ | ৪-১৯ | ০ |

# মহিলা সুপারলিগ ফুটবলে শক্তি বাড়াচ্ছে কিল্লা, ফুলো ঝানু ও জম্পুইজলা পি.সি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।। রবিবার থেকে শুরু সুপার লিগের আসর। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত মহিলা লিগ ফুটবলের। সুপারের উদ্বোধনী ম্যাচে শক্তিশালী ত্রিপুরা স্পোর্টস স্কুল খেলবে কিল্লা মর্ণি ক্লাবের বিরুদ্ধে। উমাকান্ত মিনি স্টেডিযামে ওইদিন সকাল ৮টায় শুরু হবে ম্যাচটি। গ্রুপ লিগে পরাজিত হওয়ার পর সুপারে স্পোর্টস স্কুলকে কড়া চ্যালেঞ্জ ছুড়ে দিতে বদ্ধপরিকর কিল্লার ফুটবলাররা। তাই ভিনরাজ্য থেকে ফুটবলার আনার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতোমধ্যে কলকাতার ৫ মহিলা ফুটবলারের সঙ্গে কথা বলে নিয়েছে। কিন্তু সংবাদ লিখা পর্যন্ত সি আর এস আসেনি। ফলে কিল্লার কোচ বিজয় কুমার জমাতিয়া ফুটবলারদের নাম জানাতে নারাজ। টেলিফোনে স্পষ্টভাবেই জানান, সি আর এস আসার পরই ফুটবলারদের নাম জানানো হবে। তবে বিশ্বাস করি ফুটবলাররা আসবেই। এদিকে গ্রুপ লিগে অপরাজিত থাকা স্পোর্টস স্কুলের ফুটবলাররা চাইছে সুপার লিগেও অপরাজিত থাকতে।

শারীরিক অসুস্থতার জন্য কোচ কল্পনা দেববর্মা দুদিন ছুটি নেওয়ায় শুভেনজিৎ সিনহা ফুটবলারদের অনুশীলন করাচ্ছেন। সাফল্য পাওয়ার লক্ষ্যে প্রতিদিন দুবেআ করে বাধারঘাটের স্পোর্টস স্কুলের মাঠে চলছে অনুশীলন। এদিন অনুশীন শেষে শুভেনজিৎ বলেন, 'খেতাব জয় করতে মরিয়া আমাদের মেয়েরা। দলের প্রতিটি ফুটবলার মুখিয়ে রয়েছে সুপারে আরও ভালো খেলতে। আশাকরি ফুটবলপ্রেমীদের ভালো খেলা উপহার দেবে মেয়েরা সুপার লিগে'।

এদিকে ফুলো ঝানো দলও শক্তি বাড়ানোর পরিকল্পনায় রয়েছে বলে খবর। গ্রুপ লিগে কলকাতা থেকে সঙ্গিতা রায়-কে এনে শক্তি বাড়িয়েছিলো জম্পুইজলা উপ্লে সেন্টার। সুপারেও আর একজন মহিলা ফুটবলারকে আনার পরিকল্পনা নেওয়া হয়েছে। জানালেন কোচ সুবোধ দেববর্মা।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■Postal Regd. No. AGT/NE-928/2021-2023


# মানুষের জীবনযাত্রার মানকে গতিশীল করতে সরকারি প্রকল্পের সুবিধা প্রান্তিক এলাকার মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছেঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** বর্তমান সরকার রাজ্যের সব অংশের মানুষের কল্যাণে কাজ করছে। পরিকাঠামো উন্নয়ন সহ মানুষের জীবনযাত্রার মানকে গতিশীল করতে কেন্দ্র ও রাজ্য সরকারের প্রকল্পগুলির সুবিধা প্রান্তিক এলাকার মানুষের কাছে পৌঁছে দেওয়া হচ্ছে। আজ কাঁঠালিয়া ব্লকের থলিবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে আয়োজিত লাভার্থী সম্মেলনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। লাভার্থী সম্মেলনের শুরুতেই মুখ্যমন্ত্রী এলাকার প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ, কিষাণ সম্মাননিধি, জল জীবন মিশন, কেসিসি কার্ড, আয়ুমান ভারত, ই-শ্রম, বিভিন্ন দপ্তরের সুবিধাভোগী সামাজিকভাতা প্রাপকগণদের সাথে মতবিনিময় করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের অর্থনৈতিক বিকাশ ও জনসাধারণের কল্যাণে ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে ২৭ হাজার ৬৫৪.৪০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দ অর্থের অধিকাংশ অর্থ ব্যয় করা হবে পরিকাঠামোগত উন্নয়নের জন্য। রাজ্যের গরীব অংশের মানুষ যাতে সহজে উন্নত স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেতে পারেন সেজন্য মুখ্যমন্ত্রী জনআরোগ্য যোজনা চালু করা হচ্ছে। বাজেটে ক'ষি, উদ্যান, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, স্বাস্থ্য, শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রের উন্নয়নে গুরুত্ব দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, জনজাতি কল্যাণে রাজ্য সরকার আন্তরিক প্রচেষ্টা নিয়েছে। জনজাতিদের আর্থসামাজিক মানোন্নয়নে মুখ্যমন্ত্রী জনজাতি কল্যাণ মিশন প্রকল্পে ৩০ কোটি টাকা ব্যয় করা হবে। জনজাতি সম্পদায়ের ছাত্রছাত্রীদের পড়াশুনার সুবিধার্থে বিভিন্ন ডিগ্রি কলেজে ছাত্রাবাস ও ছাত্রীনিবাস গড়ে তোলা হচ্ছে। জনজাতি সম্পদায়ের ছাত্রছাত্রীদের শিক্ষার বিকাশে একলব্য মডেল আবাসিক বিদ্যালয় গড়ে তোলা হচ্ছে। ব শরণার্থীদের পুনর্বাসনে রাজ্যের ১২টি এলাকাকে চিহ্নিত করা হয়েছে। এজন্য কেন্দ্রীয় সরকার ৬০০ কোটি টাকার প্যাকেজ ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সার্বিক বিকাশে বর্তমান সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে। এজন্য চলতি বছরের বাজেটে মুখ্যমন্ত্রী সুসংহত শস্য ব্যবস্থাপনা কর্মসূচি, মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা, মুখ্যমন্ত্রী মৎস্য সম্পদ বিকাশ যোজনা, মুখ্যমন্ত্রী স্যাটেলাইট টাউন ডেভেলপমেন্ট প্রকল্প, মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্প, মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্পের মতো বিভিন্ন জনমুখী পরিকল্পনা নেওয়া হয়েছে। লাভার্থী সম্মেলনে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক ডা. বিশাল কুমার, পুলিশ সুপার বি জে রেডি- প্রমুখ।

# মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করে তোলার উপর গুরুত্ব দেওয়া হয়েছেঃ মৎস্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করে তোলার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এজন্য রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। গ্রামীণ এলাকাগুলিতে মাছের উৎপাদন বাড়ানোর জন্য মৎস্যজীবীদের উন্নতপ্রথায় মৎস্যচাষে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। গতকাল সিপাহীজলা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে মৎস্য, প্রাণী সম্পদ বিকাশ ও তপশিলিজাতি কল্যাণ দপ্তরের জেলাভিত্তিক এক পর্যালোচনা সভায় মৎস্যমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। জেলাভিত্তিক এই পর্যালোচনায় মৎস্য, প্রাণী সম্পদ বিকাশ ও তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস সভাপতিত্ব করেন। সভায় সিপাহীজলা জেলার মৎস্য, প্রাণী সম্পদ বিকাশ ও তপশিলিজাতি কল্যাণ দপ্তরের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা করা হয়। সভায় মৎস্যমন্ত্রী বলেন, জেলায় মাছের চাহিদা ৯৫ শতাংশ যাতে জেলাতেই উৎপাদন করা যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। এজন্য প্রয়োজনীয় কর্মপরিকল্পনা তৈরী করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেন, গৃহপালিত প্রাণীদের রোগ প্রতিরোধে দপ্তরকে সচেতন হতে হবে। প্রাণীপালকদেরও এ বিষয়ে সচেতন করতে হবে। তিনি বলেন, সরকার রাজ্যে প্রাণী খাদ্য উৎপাদনে অগ্রাধিকার দিয়েছে। সরকারের এই কর্মসূচিতে গ্রামীণ এলাকায় রোজগারের সুযোগ সৃষ্টি করবে। সভায় তিনি তপশিলিজাতি কল্যাণ দপ্তরের বিভিন্ন প্রকল্পের সুযোগ জেলার গ্রামীণ এলাকার প্রক'ত সুবিধাভোগীদের কাছে পৌঁছে দেওয়ার উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, তপশিলিজাতি কল্যাণ দপ্তরের প্রকল্পগুলি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।

পর্যালোচনা সভায় মৎস্যদপ্তরের জেলা আধিকারিক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জেলার মৎস্যদপ্তরের বিভিন্ন প্রকল্প ও কর্মপরিকল্পনার চিত্র তুলে ধরেন। তিনি জানান, গত অর্থবছরে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনায় জেলার ৯ হাজার ৫২২টি পরিবারকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৬৭ লক্ষ ৬৯০ টাকা। তাছাড়া প্রধানমন্ত্রী অনুসূচিত জাতি অভ্যুদয় যোজনায় জেলার বিশালগড় ও সোনামুড়া মহকুমায় ১৬৭টি মৎস্যজীবী পরিবারের পুরাতন পুকুর সংস্কার করা হয়েছে। তপশিলিজাতি সম্পদায়ের ৮১টি মৎস্যজীবী পরিবারকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। জেলার ৮০টি মৎস্যচাষভিত্তিক স্বসহায়ক দলগুলিকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২৯ লক্ষ ৮০ হাজার টাকা। সভায় মৎস্য দপ্তরের জেলা প্রতিনিধি আরও জানান, প্রধানমন্ত্রী মৎস্যসম্পদ যোজনায় জেলায় ১৩.৫০ হেক্টর জলাশয় মৎস্যচাষের আওতায় আনা হয়েছে। এই যোজনায় জেলায় উৎপাদিত মৎস্য বাজারজাতকরণের জন্য ৬ জন মৎস্যচাষীকে আইসব' সহ অটোরি' ও দু'জন মৎস্যচাষীকে আইসব' সহ মোটর সাইকেল দেওয়া হয়েছে।

সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের জেলা প্রতিনিধি জানান, গত অর্থবছরে জেলায় ৫,৯১,৯৭২ টি গৃহপালিত প্রাণী ও পাখির চিকিৎসা করা হয়েছে। তাছাড়া ৪৭,৩১, ৩২৪ টি গৃহপালিত প্রাণী ও পাখির টিকাকরণ করা হয়েছে। তিনি জানান, জেলায় গত অর্থবছরে পিএম-অজয় যোজনায় ২৫ জন প্রাণীপালককে ছাগল ও ২৫ জন প্রাণীপালককে শূকর পালনে সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়া মুখ্যমন্ত্রী স্বনির্ভর যোজনায় ৭৯৪টি পরিবারকে শূকর, ৪৬৫টি পরিবারকে ছাগল, ২ হাজার ৪৯৯ টি পরিবারকে মোরগ ও ৮২৯ টি পরিবারকে হাঁস পালনের সহায়তা দেওয়া হয়েছে। সভায় তপশিলিজাতি কল্যাণ দপ্তরের জেলা আধিকারিক দপ্তরের বিভিন্ন প্রকল্প নিয়ে আলোচনা করেন। পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মণ, বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক অন্তরা সরকার দেব, জিলা পরিষদের সহাকারি সভাধিপতি পিন্টু আইচ, মৎস্য ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্র, জেলাশাসক ডা. বিশাল কুমার এবং সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ।

# নতুন জাতীয় শিক্ষানীতিতে শিক্ষা ব্যবস্থাকে সহজতর করা হয়েছে, জানালেন কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** জাতীয় শিক্ষানীতি ২০২০ শুধুমাত্র একটি পুঁথিগত শিক্ষা ব্যবস্থা নয়। নতুন জাতীয় শিক্ষানীতিতে শিক্ষার্থীরা দক্ষতা ভিত্তিক গঠনমূলক শিক্ষা নিতে পারবে। তাছাড়াও নতুন জাতীয় শিক্ষানীতিতে শিক্ষা ব্যবস্থাকে সহজতর করা হয়েছে। আজ কু'বনস্থিত কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ দীপঙ্কর রায় নতুন জাতীয় শিক্ষানীতির ত'তীয় বর্ষ উদযাপন উপলক্ষে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন। কেন্দ্রীয় বিদ্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি জাতীয় শিক্ষানীতির নির্দেশিকা অনুসারে গত ৩ বছরে এই বিদ্যালয়ে শিক্ষা ব্যবস্থায় যে সাফল্য এসেছে তা তুলে ধরেন। তিনি জানান, জাতীয় শিক্ষানীতির নির্দেশিকা অনুসারে এই কেন্দ্রীয় বিদ্যালয়ের ত'তীয় শ্রেণী থেকে প'ম শ্রেণী ছাত্রছাত্রীদেরই শুধু নিয়মিত পরীক্ষা গ্রহণ করা হয়। বছরের বাকি সময়গুলিতে ছাত্রছাত্রীদের বিভিন্ন গঠনমূলক শিক্ষা দেওয়া হয়। জাতীয় শিক্ষানীতি অনুসারে শিক্ষা ব্যবস্থাকে অনেক নমনীয় করা হয়েছে। দশম শ্রেণী এবং একাদশ শ্রেণীতে গতানুগতিক পাঠক্রমের সাথে পাঠ্যক্রম বহির্ভত শিক্ষার বিষয়েও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। সাংবাদিক সম্মেলনে অধ্যক্ষ আরও জানান, ছাত্রছাত্রীদের উন্নত প্রযুক্তির ব্যবহারে ক'ষিকাজ, মৃৎশিল্প, কাঠশিল্প ও বৈদ্যতিক কাজের ক্লাস নেওয়া হয়। দেশের বিভিন্ন রাজ্যের আ'লিক ভাষা ও সংস্ক'তির উপরেও ক্লাসগুলিতে গুরুত্ব দেওয়া হয়। তিনি জানান, সামগ্রিকভাবে এই নতুন জাতীয় শিক্ষানীতি হচ্ছে দেশের মানবসম্পদ উন্নয়নে এক পদক্ষেপ। এই শিক্ষানীতি দেশের সুপ্রাচীন ঐতিহ্যকে আরও সুদৃঢ় করবে। সারা দেশের সাথে রাজ্যের কেন্দ্রীয় বিদ্যালয়গুলিতেও নতুন জাতীয় শিক্ষানীতির নির্দেশিকা অনুসারে ছাত্রছাত্রীদের শিক্ষা দেওয়া হচ্ছে। এর ফলস্বরূপ ছাত্রছাত্রীদের মধ্যে অনেকের কারিগরী দক্ষতার সাফল্যের নিদর্শন পাওয়া যাচ্ছে। সাংবাদিক সম্মেলনে আগরতলা এনআইটি কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ সন্দীপ কুমার, আগরতলা ওএনজিসি কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ সুনীল মাশি নতুন জাতীয় শিক্ষানীতির কার্যক্রম কেন্দ্রীয় বিদ্যালয়গুলিতে কিভাবে রূপায়িত হচ্ছে তা তুলে ধরেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন আগরতলা জিসি, সিআরপিএফ কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ ধন'য় দত্ত এবং তেলিয়ামুড়া বিএসএফ কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ বীরেন্দ্র কুমার গৌতম। আগরতলা ওএনজিসি কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ সুনীল মাশি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের কার্যক্রম তুলে ধরেন।

# মহরমের ছুটি বাতিল ঘোষণার পুনর্বিবেচনার দাবী জানাল সিপিএম

**আগরতলা, ২৮ জুলাই।।** ত্রিপুরা রাজ্য সরকার ২৯ শে জুলাই মহরমের ছুটি বাতিল করে নয়া শিক্ষানীতি প্রবর্তনের তৃতীয় বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে বিদ্যালয় সমূহ খোলা রাখার জন্য নির্দেশ দিয়েছে। রাজ্য সরকারের এই সিদ্ধান্ত রাজ্যে বহু বছর ধরে চলে আসা একটি বিশেষ অংশের ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারীদের উৎসবে অংশগ্রহণ করার পরম্পরা থেকে বঞ্চিত করবে।

এদিকে সি বি এস ই কর্তৃপক্ষ ঘোষণা দিয়েছে রাজ্যের ছাত্র-ছাত্রীদের ইংরেজী এবং হিন্দী মাধ্যমেই পরীক্ষায় বসতে হবে। চব্বিশ ঘন্টা পেরিয়ে গেলেও এ ব্যাপারে রাজ্য সরকারের কোন হেলদোল নেই।

এতে বহু ঢাকঢোল পিটিয়ে ছাত্র-ছাত্রীদের ঘাড়ে প্রতি বছর কয়েক হাজার টাকার বোঝা চাপিয়ে যে বিদ্যাজ্যোতি প্রকল্প চালু করা হয়েছে সেই সমস্ত বিদ্যালয়ে সি বি এস ই সিলেবাস অনুযায়ী যে বাংলা মিডিয়ামের হাজার হাজার ছাত্র-ছাত্রী পঠনপাঠন শুরু করেছে তাদের সামনে একটা অনিশ্চয়তা দাঁড় করিয়েছে। সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী এই দু''টি ঘটনায় রাজ্য সরকারের ভূমিকাকে অনভিপ্রেত এবং অবিবেচনা প্রসূত বলে আখ্যায়িত করছে। সম্পাদকমন্ডলী মহরমের ছুটি বাতিল ঘোষণা পুনর্বিবেচনা করা এবং সি বি এস ই বোর্ড যেন রাজ্যের ছাত্র-ছাত্রীদের তাদের পছন্দের মাধ্যমেই পরীক্ষায় বসার বন্দোবস্ত করে সেই ব্যবস্থা গ্রহণের জন্য দ্রুত উদ্যোগ গ্রহণের দাবী জানাচ্ছে। দলের পক্ষ থেকে এক বিবৃতিতে এই সংবাদ জানানো হয়েছে।

# কাল থেকে উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে শুরু হতে চলেছে উইকেন্ড ট্যুরিস্ট হাব




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** আগামী ৩০ জুলাই থেকে উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে শুরু হতে চলেছে উইকেন্ড ট্যুরিস্ট হাব। অবসর বিনোদনের জন্য ওই ট্যুরিস্ট হাব শুরু করা হচ্ছে। ওইদিন সন্ধ্যা ছয়টায় ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা উইকেন্ড ট্যুরিস্ট হাবের আনুষ্ঠিকভাবে উদ্বোধন করবেন। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।এদিন শ্রী চৌধুরী বলেন, উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে উইকেন্ড ট্যুরিস্ট হাব বানানোর পরিকল্পনা নিয়েছিল ত্রিপুরা সরকার। ৩০ জুলাই সন্ধ্যা ৬ টায় তার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হতে চলেছে।

এদিন তিনি বলেন, প্রতি সপ্তাহের শনিবার ও রবিবার দুদিন গ্রীষ্মকালে বিকাল চারটে থেকে রাত্র নটা এবং শীতকালে বিকেল তিনটে থেকে রাত আটটা পর্যন্ত বিভিন্ন সাংস্কৃতিক ও অন্যান্য প্রদর্শনীর আয়োজন থাকবে। সে মোতাবেক ওই সময়ে উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখভাগে ছোট পার্ক থেকে জ্যাকসন গেট ও রবীন্দ্র শতবার্ষিকী প্রাঙ্গণ এবং মহিলা কলেজের সামনে পর্যন্ত নো এন্টি জোন থাকবে। ওই রাস্তা দিয়ে তখন জরুরি পরিষেবা ব্যতিত কোনো প্রকারের যানবাহন চলাচল করতে পারবে না। মানুষের অবসর বিনোদনের বিষয়টি মাথায় রেখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এদিন তিনি আরও জানান, আগরতলা পুর নিগমের সাথে আলোচনার মাধ্যমে সেখানে বিভিন্ন খাবারের স্টল দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পর্যটকদের আকৃষ্ট করতে রাজ পরিবারের পোশাক থাকবে, যা পরিধান করে ছবি তুলতে পারবেন তাঁরা। ইতিমধ্যে রাজবাড়িকে আলোক সজ্জায় সাজিয়ে তোলা হয়েছে। রবিবার সন্ধ্যায় গোটা এলাকাকে আলোক সজ্জায় সাজিয়ে তোলা হবে। মূলত ত্রিপুরাবাসী ও দেশী---বিদেশী পর্যটকরা শনি ও রবিবার বিকেল চারটা থেকে রাত নয়টা পর্যন্ত আনন্দে মেতে উঠতে পারেন, এমনই পরিবেশ গড়ে তোলা হবে, দৃঢ় প্রত্যয়ের সুরে বলেন তিনি।

এছাড়াও পর্যটকদের নিরাপত্তার জন্য থাকবে যথেষ্ট পরিমাণে খাকি উর্দিধারী মহিলা ও পুরুষ এবং সাদা পোশাকে পুলিশী টহলদারীর ব্যবস্থা ও থাকবে, বলেন তিনি। তাঁর কথায়, উইকেন্ড ট্যুরিষ্ট হাব চালু হলে ত্রিপুরা সরকারের যেমন রাজস্ব আয় হবে তেমনি বেকার যুবক-যুবতীদেরও আয়ের সুযোগ সৃষ্টি হবে। ত্রিপুরায় পর্যটন ক্ষেত্রকে আরও কীভাবে সাজিয়ে তোলা যায় সেই লক্ষ্যেই রাজ্য সরকার কাজ করছে।

তাছাড়া, আগামীদিনে ত্রিপুরার পর্যটন ক্ষেত্রকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য দপ্তর বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। শুধু তাই নয়, ত্রিপুরায় পর্যটনকে বিশ্বের দরবারে তুলে ধরার লক্ষ্যে রাজ্য সরকার দেশের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে রাজ্য পর্যটনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর করেছে।

# রাজ্যে শীঘ্রই চালু হবে বন্ধ থাকা বর্ডার হাট

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।ত্রিপুরায় বর্ডার হাটের কাজের অগ্রগতি এবং কোভিড পরিস্থিতিতে বন্ধ হয়ে পড়া হাট গুলিকে দ্রুত চালু করার বিষয়ে রাজ্যসভায় সংডশ্লিষ্ট মন্ত্রকের দৃষ্টিআকর্ষণ করেন সাংসদ বিপ্লব কুমার দেব । প্রশ্নের প্রেক্ষিতে বর্ডার হাট গুলির বর্তমান অবস্থা সম্পর্কে শ্রী দেবকে জানানো হয় । এর পাশাপাশি কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প দপ্তরের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেলের সাথে এই মর্মে পৃথক ভাবে আলোচনা করেন । তিনি শীঘ্রই ত্রিপুরার সীমান্ত হাট চালু করার আশ্বাস দিয়েছেন বলে জানা গেছে।

# ভগবানঠাকুর চৌমুহনীতে গভীর রাতে দুই নাবালিকা আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** রাজধানী আগরতলা শহরের বনমালীপুর ভগবান ঠাকুর চৌমুহনীতে গভীর রাতে ঘুরাফেরা করার সময় দুই নাবালিকাকে উদ্ধার করে পুলিশের হাতে তুলে দিলেন স্থানীয় জনতা। জানা যায় বৃহস্পতিবার রাতে রাজধানী আগরতলা শহরের বনমালীপুর ভগবান ঠাকুর বাড়ি চৌমুহনি এলাকায় স্থানীয়রা দুই উপজাতি নাবালিকা মেয়েকে দেখতে পায়। স্থানীয়রা এগিয়ে গিয়ে ওই নাবালিকা মেয়েদের জিজ্ঞাসা করলে তারা জানায় তাদের বাড়ি এডিসি এলাকার কোন এক গ্রামে। তারা তাদের দুই বন্ধুর সাথে ঘুরতে এসেছিল। কিন্তু তাদের বন্ধুরা তাদেরকে ওই এলাকায় একা ফেলে দিয়ে চলে যায়। ওই নাবালিকা মেয়েরা তাদের এলাকার নাম এবং নিজের নাম কোন কিছুই বলেনি স্থানীয় এলাকাবাসীদের। পরে তিপরা মথার কর্মীর সমর্থক পরিচয় দিয়ে কিছু উপজাতি যুবক ওই নাবালিকা মেয়েদেরকে তাদের নিজেদের হেফাজতে নিয়ে যেতে চেয়েছিল। কিন্তু এলাকার কিছু শুভবুদ্ধির সম্পন্ন ব্যক্তিরা ওই নাবালিকা মেয়েদের সুরক্ষার কথা চিন্তা করে খবর দেয় পূর্ব আগরতলা মহিলা থানায়। খবর পেয়ে পূর্ব আগরতলা মহিলা থানার পুলিশ ছুটে গিয়ে দুই উপজাতি নাবালিকা মেয়েকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। স্থানীয়রা পুলিশের কাছে অনুরোধ জানিয়েছে ওই নাবালিকা মেয়েদেরকে যেন আইনি প্রক্রিয়া অনুসারে চাইল্ড লাইনের হাতে তুলে দিয়ে সুরক্ষা প্রদান করে। এলাকার অনেকেই ধারণা করছে যদি সঠিক সময়ে স্থানীয়দের চোখে না পড়তো তাহলে নাবালিকা মেয়ের সাথে বড় ধরনের অঘটন ঘটতে পারতো। এ ধরনের ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনগণের তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ ঘটনা তদন্ত শুরু করেছে এবং তাদের সুরক্ষার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে

# জাতীয় শিক্ষা নীতি নিয়ে বগাফায় কেন্দ্রীয় বিদ্যালয়ে আলোচনাসভা

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৮ জুলাই।।** ন্যাশেনাল এডুকেশন পলিসি ২০২০ এখন তৃত্বীয় বছরে পদার্পন করেছে। বিগত বছরের তুলনায় বর্তমানে এই পলিসির মাধ্যমে শিক্ষাব্যাবস্থার অনেকটা মানউন্নয়ন হয়েছে। এই পলিসির মাধ্যমে শিক্ষাব্যাবস্থার বিভিন্ন দিকগুলো জানানদিতে দক্ষিন ত্রিপুরার বিভিন্ন বিদ্যালয়ের প্রতিনিধিদের নিয়ে আজকে এক আলোচনাসভা অনুষ্ঠীত করাহয়। এই আলোচনাসভা শেষে এক সাংবাদিক সন্মেলনের মাধ্যমে নিউ ন্যাশেনাল এডুকেশন পলিসি সম্পর্কে বিস্তারিত তথ্য তুলেধরাহয়। আজকের এই সমগ্র অনুষ্ঠানে ও সাংবাদিক সন্মেলনে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিদ্যালয় বগাফার প্রিন্সিপল মহেন্দ্র কুমার, বিলোনিয়ার নবোদয়ের প্রিন্সিপল রাকেশ কুমার মিশ্রা, বীরচন্দ্রমনু একলব্য স্কুলের প্রিন্সিপল নিতি দাস, বিলোনিয়া নবোদয়ের সিনিয়র টিচার লিটন মিত্র, শান্তির বাজার মডেল স্কুলের শিক্ষক সপন পাটারি সহ অন্যান্যরা।

# বিএসএফের উদ্যোগে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত লংতরাইভ্যালীতে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** লংতরাইভালি মহকুমার ছামনু ব্লকের অধীন হাজিরাই চৌধুরীপাড়া মোহন বিওপি ক্যাম্প এবং পূর্ব মালিধর বর্ডার এলাকার উপজাতিদের নিয়ে ৭৫ তম সীমান্ত গ্রাম ক্রান্তিবীর কে নাম উদযাপন উপলক্ষে বিএসএফ এবং বিভিন্ন লাইন ডিপার্মেন্ট এর উদ্যোগে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই ক্রীড়া প্রতিযোগিতায় ফুটবল, ভলিবল, কাবাডি, দড়িটানা টানি, খরমপা, সহ বিভিন্ন খেলার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় সান অধিকারী দের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। এই অনুষ্ঠানে মহকুমা শাসক, এলাকার বিধায়ক,বিডিও,এস,ডি,পি ও সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।এতে এলাকার জনগণের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। আগামী দিনেও এ ধরনের কর্মসূচি অব্যাহত থাকবে বলে উদ্যোক্তাদের তরফ থেকে জানানো হয়েছে।

# ক্লাস চলাকালীন হঠাৎ অসুস্থ হয়ে পড়ল আটজন ছাত্রছাত্রী


**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৮ জুলাই।।** ঋষ্যমুখ বিধানসভা এলাকায় মতাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে হঠাৎ করে ৮ জন নবম শ্রেণীর ছাত্র ছাত্রী অসুস্থ হয়ে পড়ে, জানা যায় ক্লাস চলাকালীন একজন ছাত্র বিকট চিৎকার করে লাফাতে থাকে এবং অস্বাভাবিক কিছু আচরণ করে ছাত্রটি অনেক দিন ধরেই মৃগী রোগে আক্রান্ত বলে জানা যায়, তার এই অস্বাভাবিক আচরণ দেখে স্কুলের ছাত্র ছাত্রীরা আতঙ্কিত হয়ে অসুস্থ হয়ে পড়ে।বর্তমানে এই ছাত্র ছাত্রীরা মতাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসাধীন অবস্থায় আছে।ঘটনা শুনে মতাই গ্রাম পঞ্চায়েতের প্রধান লিটন রায় , পুলক দেব,ঝুলন চক্রবর্তী সহ স্থানীয় নেতৃত্বরা উপস্থিত হন, তারা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক, স্কুলে শিক্ষক শিক্ষিকা,ছাত্র ছাত্রী ও অভিভাবকদের সঙ্গে কথা বলেন ছাত্র ছাত্রীদের দ্রুত চিকিৎসার যেন ব্যবস্থা করা হয়।

# প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) রাজ্য সরকার ৩৩৯.৩৫ কোটি টাকা পেয়েছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) রাজ্য সরকার ৩৩৯.৩৫ কোটি টাকা পেয়েছে। এর জন্য ত্রিপুরাবাসীর পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী গিরিরাজ সিং'কে সামাজিক মাধ্যমে ধন্যবাদ জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা।উল্লেখ্য, লোকসভা নির্বাচনের আগে আরো এক বড় সিদ্ধান্ত নিয়েছে ডাবল ইঞ্জিনের সরকার। প্রতি বাড়িতে যাতে পাকা ঘর নির্মাণ হয় তার জন্য দ্রুত অর্থ বরাদ্দ করা হয়েছে। এই অর্থ বরাদ্দের ফলে রাজ্যের গ্রামীন এলাকার গরিব মানুষ বড় উপকৃত হবে বলে মনে করছেন মুখ্যমন্ত্রী।' লোকসভা নির্বাচনকে সামনে রেখে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য প্রধানমন্ত্রী আবাস যোজনায় বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করায় রাজ্যের জনগণ দারুণ হবে উপকৃত হবেন। কোন পরিবার যাতে গৃহীন না থাকে সেই লক্ষ্যকে সামনে রেখেই কেন্দ্রীয় সরকার এই ধরনের পরিকল্পনা গ্রহণ করেছে।

# খোয়াই মহকুমা ভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** শুক্রবার খোয়াই মহকুমা বনদপ্তরের উদ্যোগে মহকুমা ভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত হয়। মহকুমা ভিত্তিক উদযাপন করা হয় চাম্পাহাওর সিতেশ স্মৃতি কমিউনিটি হলে।প্রদীপ প্রজ্জ্বলন করে বনমহোৎসব অনুষ্ঠানের শুভ সূচনা করেন রাজ্যের উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। এই অনুষ্ঠানে মন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন জেলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা, জেলা পরিষদের সহ-সভাপতি হরিশংকর পাল, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন টিংকু ভট্টাচার্য, তুলাসিকর ব্লক চেয়ারম্যান প্রদীপ দেববর্মা, খোয়াই জেলা বনদপ্তর এর আধিকারিক অক্ষয় বালু ভর্দে সহ অন্যান্যরা। এদিনের এই অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা উপস্থিতি ছিল।এই অনুষ্ঠানে আলোচনা করতে গিয়ে মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন,,আমাদের জীবনে বনের ভূমিকা গুরুত্বপূর্ণ। বন ধবংসের কারণে নষ্ট হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য। গাছ শুধু লাগালেই হবে না একে রক্ষণাবেক্ষণ করতে হবে। সকল ছাত্র-ছাত্রীদের এই বিষয়ে নজর রাখতে হবে। এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন ধরণের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শেষে অতিথিরা একে একে বৃক্ষরোপণ করেন। ছাত্র-ছাত্রীদের হাতেও একটি করে গাছের চারা তুলে দেন অতিথীরা। তাছাড়া বসে আঁকো প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয় কচিকাচাদের মধ্যে। অনুষ্ঠানকে কেন্দ্র করে সকলের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।




স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।